

অস্ট্রেলিয়া সিরিজ থেকে ছিটকে গেলেন নাহিদ রানা

৩-এর পাতায় দেখুন

দৈনিক নেইবার

আমরা সত্য প্রকাশে বিশ্বাসী

THE DAILY NEIGHBOUR

সরকার শিক্ষার্থীদের দেশের শত্রু হিসেবে গণ্য করছে: সোনিয়া গান্ধী

২-এর পাতায় দেখুন



রেজি ঃ ডিএ-৬১৭৬ ॥ বর্ষ-১১ ॥ সংখ্যা-২৪ ॥ ঢাকা শনিবার ২৫ জুলাই ২০২৬ ইং ॥ ১০ শ্রাবণ ১৪৩৩ বাংলা ॥ ১০ সফর ১৪৪৮ ॥ পৃষ্ঠা : ৮ ॥ মূল্য- ৫.০০ টাকা

## ‘আই অ্যাম সিক, সো ইট ইজ ডান’

# রাষ্ট্রপতি সাহাবুদ্দিনের পদত্যাগ

**স্টাফ রিপোর্টার :** রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিনের পদত্যাগপত্র গ্রহণ করা হয়েছে। এ বিষয়ে বিস্তারিত জানাতে শুক্রবার (২৪ জুলাই) বিকেলে জরুরি সংবাদ সম্মেলন ডেকেছেন জাতীয় সংসদের স্পিকার হাফিজ উদ্দিন আহমদ।

শুক্রবার জাতীয় সংসদ সচিবালয়ের গণসংযোগ অধিশাখা-১ থেকে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।

সংসদ সচিবালয়ের সহকারী পরিচালক মো. রাশেদ মিজান স্বাক্ষরিত ওই বিজ্ঞপ্তিতে বলা হয়, রাষ্ট্রপতির পদত্যাগপত্র গ্রহণ পরবর্তী এক জরুরি সংবাদ সম্মেলন শুক্রবার বিকেল ৫টায় বাংলাদেশ জাতীয় সংসদের শপথকক্ষে (পূর্ব ব্লক, লেভেল-১) অনুষ্ঠিত হবে।

সংবাদ সম্মেলনে জাতীয় সংসদের স্পিকার হাফিজ উদ্দিন আহমদ উপস্থিত থাকবেন এবং সার্বিক বিষয়ে কথা বলবেন। আওয়ামী লীগ সরকারের আমলে নির্বাচিত মো. সাহাবুদ্দিন চুপ্পু ২০২৩ সালের এপ্রিলে রাষ্ট্রপতির দায়িত্ব নেন।



সাহাবুদ্দিন চুপ্পুই একমাত্র ব্যক্তি যিনি রক্তাক্ত জুলাই গণঅভ্যুত্থানের পরও এতদিন শীর্ষ কোনো সাংবিধানিক পদে বহাল ছিলেন। আওয়ামী লীগ, অন্তবর্তী সরকার এবং সবশেষ বিএনপি; তিন সরকারের আমলে রাষ্ট্রপতির দায়িত্ব পালন করেন মো. সাহাবুদ্দিন।

২০২৪ সালের ৫ আগস্ট শেখ হাসিনা সরকারের পতনের পর দায়িত্ব নেয় অন্তর্বর্তী সরকার। অন্তর্বর্তী সরকারের সময়ে রাষ্ট্রপতির অপসারণ নিয়ে বেশ আন্দোলন ও আলোচনা ছিল। একটি রাজনৈতিক দলের বাধায় সে যাত্রায় টিকে গিয়েছিলেন রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন। পরবর্তীতে বিভিন্ন সময় তার পদত্যাগ বা অপসারণ নিয়ে বেশ কয়েকবার গুঞ্জন হলেও এবার তা সত্যি হলো।

**রাষ্ট্রপতির পদত্যাগপত্রে যা লিখলেন সাহাবুদ্দিন**

অবশেষে রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন পদত্যাগ করেছেন। আজ শুক্রবার (২৪ জুলাই) বিকালে তিনি স্পিকারের কাছে পদত্যাগপত্র পাঠিয়েছেন।

এদিকে রাষ্ট্রপতির পদত্যাগপত্র গ্রহণের বিষয়ে জানাতে বিকেল ৫টায় জাতীয় সংসদ ভবনে সংবাদ সম্মেলন ডেকেছেন জাতীয় সংসদের স্পিকার হাফিজ উদ্দিন আহমদ। জাতীয় সংসদ সচিবালয়ের গণসংযোগ অধিশাখা-১ থেকে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।

সংসদ সচিবালয়ের সহকারী পরিচালক মো. রাশেদ মিজান স্বাক্ষরিত ওই বিজ্ঞপ্তিতে বলা হয়, রাষ্ট্রপতির পদত্যাগপত্র গ্রহণ পরবর্তী এক জরুরি সংবাদ সম্মেলন শুক্রবার বিকেল ৫টায় বাংলাদেশ জাতীয় সংসদের শপথকক্ষে (পূর্ব ব্লক, লেভেল-১) অনুষ্ঠিত হবে।

এদিকে রাষ্ট্রপতির পদত্যাগপত্রে কী লেখা হয়েছে তা নিয়ে অনেকের মধ্যে কৌতূহল তৈরি হয়েছে। জাতীয় সংসদের স্পিকার বরাবর লেখা শুক্রবার (২৪ জুলাই) মো. সাহাবুদ্দিন স্বাক্ষরিত একটি পদত্যাগপত্র সম্পর্কে জানা গেছে। তাতে রাষ্ট্রপতি হিসেবে নিজের ভূমিকা ও সর্বশেষ পদত্যাগের কারণ উল্লেখ করা হয়েছে। তিনি লিখেছেন, আমি মো. সাহাবুদ্দিন গণপ্রজাতন্ত্রী (শেষের পাতায় দেখুন)

## ৫ আগস্ট জুলাই স্মৃতি জাদুঘর উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী

**স্টাফ রিপোর্টার :** খুন, গুম, নির্যাতন আর বিরোধী মত দমনের ‘পাওয়ার হাউস’ হিসেবে পরিচিত লাল দেয়ালের গণভবন পরিণত হয়েছে ‘জুলাই স্মৃতি জাদুঘরে’। সব অনিশ্চয়তা কাটিয়ে আগামী ৫ আগস্ট আনুষ্ঠানিকভাবে খুলছে এই জাদুঘরের দ্বার।

এদিন প্রধানমন্ত্রী তারেক রহমান এর আনুষ্ঠানিক উদ্বোধন করবেন।

বিগত স্বৈরশাসকের ক্ষমতার কেন্দ্রবিন্দু এই গণভবনের প্রতি সাধারণ মানুষের দীর্ঘদিনের ক্ষোভের চূড়ান্ত বিস্ফোরণ ঘটেছিল ২০২৪ সালের ৫ আগস্ট।

ছাত্র-জনতার প্রবল আন্দোলনের মুখে গণভবন দখলে নেয় সাধারণ মানুষ।

পরে গণঅভ্যুত্থানের সেই স্মৃতিচিহ্ন, বিপ্লবের দুর্লভ সব দলিল, শহীদ ও আহতদের নানা স্মারক, রক্তমাখা পোশাক, আন্দোলনের ব্যানার-প্ল্যাকার্ডসহ অন্যান্য সরঞ্জাম সংরক্ষণে গণভবনকে ‘জুলাই স্মৃতি জাদুঘর’ করার উদ্যোগ নিয়েছিল বিগত অন্তর্বর্তী সরকার।

কয়েকবার উদ্বোধনের কথা থাকলেও তখন সেটি চালু করা সম্ভব হয়নি। তবে এবার কেটেছে সব অনিশ্চয়তার মেঘ। জাদুঘর উদ্বোধনের (শেষের পাতায় দেখুন)

## ভারপ্রাপ্ত রাষ্ট্রপতি হাফিজ উদ্দিন আহমদ

# মাফিয়া আমলে নির্বাচিত হলেও সাহাবুদ্দিনের বর্তমান সরকারের প্রতি শ্রদ্ধা ছিল: স্পিকার

**স্টাফ রিপোর্টার :** বিদায়ী রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন মাফিয়া সরকারের আমলে নির্বাচিত হলেও জনগণের ভোটে নির্বাচিত বর্তমান সরকারের প্রতি তিনি সমর্থন ও শ্রদ্ধা প্রকাশ করেছেন বলে মনে করেন জাতীয় সংসদের স্পিকার হাফিজ উদ্দিন আহমদ।





গুরুতর স্বাস্থ্যগত কারণে মো. সাহাবুদ্দিন পদত্যাগ করায় ভারপ্রাপ্ত রাষ্ট্রপতি হিসেবে দায়িত্ব গ্রহণ করেছেন হাফিজ উদ্দিন আহমদ। সাহাবুদ্দিনের পদত্যাগসংক্রান্ত এক জরুরি সংবাদ সম্মেলনে তিনি এ কথা বলেন।

রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন গুরুতর স্বাস্থ্যগত কারণ দেখিয়ে পদত্যাগ করায় সংবিধান অনুযায়ী দেশের ভারপ্রাপ্ত রাষ্ট্রপতি হিসেবে দায়িত্ব গ্রহণ করেছেন জাতীয় সংসদের স্পিকার হাফিজ উদ্দিন আহমদ। একই সঙ্গে স্পিকার পদে দায়িত্ব পালন করবেন ডেপুটি স্পিকার ব্যারিস্টার কায়সার কামাল।

হাফিজ উদ্দিন আহমদ বলেন, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৫০ অনুচ্ছেদের দফা ৩ অনুযায়ী রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন তার স্বাক্ষরযুক্ত পদত্যাগপত্র আজ (শুক্রবার) বিকাল ৫টা ১ মিনিটে আমার কাছে দাখিল করেছেন। সংবিধানের ৫৪ অনুচ্ছেদ অনুযায়ী আমি রাষ্ট্রপতির দায়িত্ব নিয়েছি।

তিনি আরও বলেন, পদত্যাগপত্রটি আমি গ্রহণ করেছি এবং জাতীয় সংসদ সচিবালয়ের রেকর্ডে সংরক্ষণ এবং প্রয়োজনীয় প্রশাসনিক কার্যক্রমের জন্য নির্দেশ দেওয়া হলো। কেন রাষ্ট্রপতি পদত্যাগ করলেন করলেন এটি নিশ্চয়ই আপনাদের (শেষের পাতায় দেখুন)

## সরকারি প্রাথমিকের শিক্ষকদের উপস্থিতির তথ্য নির্ধারিত সময়ে প্রেরণের নির্দেশনা

**স্টাফ রিপোর্টার :** সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের দৈনন্দিন উপস্থিতির তথ্য নির্ধারিত সময়ের মধ্যে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে প্রেরণের জন্য সকল বিভাগীয় কার্যালয়গুলোকে পুনরায় তাগিদ ও কড়া নির্দেশ দেওয়া হয়। নির্ধারিত সময়ের মধ্যে তথ্য পাঠাতে বিলম্ব হওয়ায় এই স্মারক জারি করা হয়।

গত বৃহস্পতিবার প্রাথমিক শিক্ষা অধিদফতরের পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের পরিচালক মোহাম্মদ রকিব উদ্দিনের সই করা এক চিঠিতে এ নির্দেশনা জারি করা হয়। চিঠিটি বিভাগীয় উপপরিচালকদের কাছে পাঠানো হয়। বিজ্ঞপ্তিতে বলা হয়, সরকারের নির্বাচনী ইশতেহার বাস্তবায়নের অংশ হিসেবে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর গত ১৫ জুন থেকে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের নিয়মিত উপস্থিতি মনিটরিং কার্যক্রম চালু করেছে। এতে উল্লেখ করা হয়, বিদ্যালয়, ক্লাস্টার, উপজেলা, জেলা ও বিভাগীয় কার্যালয় থেকে যথাক্রমে সকাল ৯টা ৪৫ মিনিট, ১০টা ১৫ মিনিট, ১০টা ৪৫ মিনিট ও ১১টা ১৫ মিনিটের (শেষের পাতায় দেখুন)

## বিশ্ব সংবাদমাধ্যমের আলোচনায় রাষ্ট্রপতির পদত্যাগ

**আন্তর্জাতিক ডেস্ক :** বাংলাদেশের রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিনের পদত্যাগের খবর আন্তর্জাতিক বিভিন্ন সংবাদমাধ্যমে গুরুত্ব সহকারে উঠে এসেছে। রয়টার্স, বিবিসি, সাউথ চায়না মর্নিং পোস্ট, ব্লুমবার্গ এর মতো প্রভাবশালী আন্তর্জাতিক সংবাদমাধ্যমগুলো এ নিয়ে বিস্তৃত প্রতিবেদন প্রকাশ করেছে। গণমাধ্যমগুলোর প্রতিবেদনে মেয়াদ পূর্ণ হওয়ার আগেই রাষ্ট্রপতির বিদায়, তার শারীরিক অসুস্থতার কথা উঠে এসেছে।





ব্রিটিশ বার্তা সংস্থা রয়টার্স তাদের প্রতিবেদনে জানায়, শুক্রবার(২৪ জুলাই) রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন পদত্যাগ করেছেন। ২০২৩ সালের এপ্রিল থেকে দায়িত্ব পালন করা দেশের এই শীর্ষ সাংবিধানিক প্রধান এমন এক সময়ে বিদায় নিচ্ছেন, যখন দেশে একটি রাজনৈতিক রূপান্তর প্রক্রিয়া চলছে। যদিও বাংলাদেশে রাষ্ট্রপতির পদটি মূলত অলঙ্কারিক এবং নির্বাহী ক্ষমতার মূল চালিকাশক্তি প্রধানমন্ত্রী ও তার মন্ত্রিসভা।

যুক্তরাজ্যভিত্তিক সংবাদমাধ্যম বিবিসি তাদের প্রতিবেদনে উল্লেখ করেছে, ক্ষমতাচ্যুত সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার বাংলাদেশে ফেরার ঘোষণার পরপরই তার ঘনিষ্ঠ মিত্র হিসেবে পরিচিত রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিনের ওপর পদত্যাগের রাজনৈতিক চাপ সৃষ্টি হয়। বিবিসি বাংলার বরাতে বলা হয়, ক্ষমতাসীন বিএনপি নেতাদের পক্ষ থেকেও পদত্যাগের জোর দাবি ছিল। ফলে আনুষ্ঠানিকভাবে অসুস্থতার কথা বলা হলেও এই পদত্যাগের মূল কারণ হিসেবে সাম্প্রতিক রাজনৈতিক পটপরিবর্তনকেই চিহ্নিত করা হচ্ছে।

প্রতিবেদনে আরও বলা হয়, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে ২০২৪ সালের আন্দোলনের প্রাণহানির ঘটনায় বিচারপ্রক্রিয়া এবং শেখ হাসিনার সাম্প্রতিক বক্তব্যের পর রাজনৈতিক পরিস্থিতি দ্রুত বদলাতে শুরু করে। রয়টার্সকে দেওয়া সাক্ষাৎকারে শেখ হাসিনা আগামী ডিসেম্বরে দেশে ফিরে আইনি প্রক্রিয়ার মুখোমুখি হওয়ার ইচ্ছা ব্যক্ত করার পরই রাষ্ট্রপতির অবস্থান বঙ্গভবনে আরও নড়বড়ে হয়ে পড়ে। হংকংভিত্তিক গণমাধ্যম সাউথ চায়না মর্নিং পোস্ট রাষ্ট্রপতির প্রেস সচিব (শেষের পাতায় দেখুন)

## মোদী সরকারকে ২৪ ঘণ্টার আলটিমেটাম বিক্ষোভকারীদের

**আন্তর্জাতিক ডেস্ক :** মেডিকেল ভর্তি পরীক্ষা ‘নিট-ইউজি’-এর প্রশ্নফাঁস, পরীক্ষা বাতিল ও চরম অনিয়মের দায়ে ভারতের কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধানকে অবিলম্বে পদচ্যুত বা বরখাস্ত করার দাবিতে মোদী সরকারকে ‘২৪ ঘণ্টা’র কড়া আলটিমেটাম দিয়েছে আন্দোলনকারী সংগঠন ককরোচ জনতা পার্টি (সিজেপি)। সিজেপির প্রতিনিধিরা স্পষ্ট জানিয়ে দিয়েছেন, নির্ধারিত সময়ে দাবি না মানলে দেশজুড়ে আগামী দিনে গত ২০ জুলাইয়ের চেয়েও বিশাল ও তীব্রতর রাজপথ স্তব্ধকারী আন্দোলনের হুঙ্কার দিয়েছে দলটি।

শুক্রবার (২৪ জুলাই) দুপুরে দিল্লির কনস্টিটিউশন ক্লাব অব ইন্ডিয়া-তে ভারতের কেন্দ্রীয় সরকারের প্রতিনিধি দলের সঙ্গে দ্বিতীয় পর্বের প্রায় দুই ঘণ্টাব্যাপী হাই-ভোল্টেজ বৈঠক শেষে সিজেপির পক্ষ থেকে এই চূড়ান্ত বার্তা দেওয়া হয়।

বৈঠকে মোদী সরকারের পক্ষে প্রতিনিধিত্ব করেন কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী (শেষের পাতায় দেখুন)

## শিখা অনির্বাণে বীর শহীদদের প্রতি নবনিযুক্ত নৌবাহিনী প্রধানের শ্রদ্ধা

**স্টাফ রিপোর্টার :** মুক্তিযুদ্ধে জীবন উৎসর্গকারী সব বীর শহীদের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেছেন নৌবাহিনীর নতুন প্রধান খোন্দকার মিজবাহ উল আজীম। ঢাকা সেনানিবাসে শিখা অনির্বাণের বেদিতে গতকাল শুক্রবার তিনি শ্রদ্ধা জানিয়েছেন। এরপর তিনি শিখা অনির্বাণের পরিদর্শন বইতে স্বাক্ষর করেন। আন্তঃবাহিনীর জনসংযোগ পরিদপ্তর- আইএসপিআর এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ জানানো হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, পরে নবনিযুক্ত নৌবাহিনী প্রধান নৌসদর দপ্তরে এসে পৌঁছালে নৌ সদরের প্রিন্সিপাল স্টাফ কর্মকর্তারা তাকে অভ্যর্থনা জানিয়েছেন। এরপর নৌবাহিনীর একটি সুসজ্জিত দল গার্ড অব অনার প্রদান করে। তিনি গার্ড পরিদর্শন এবং অভিবাদন গ্রহণ করেছেন। এ সময় নৌসদর দপ্তরের প্রিন্সিপাল স্টাফ কর্মকর্তারা এবং নৌবাহিনীর (শেষের পাতায় দেখুন)

# বৈশ্বিক চ্যালেঞ্জ মোকাবিলায় আঞ্চলিক সহযোগিতা বাড়ানোর আহ্বান পররাষ্ট্রমন্ত্রীর

**স্টাফ রিপোর্টার :** উদীয়মান বৈশ্বিক চ্যালেঞ্জ মোকাবিলায় আসিয়ান ও দক্ষিণ-পূর্ব এশিয়ার বন্ধুত্ব ও সহযোগিতা চুক্তি (টিএসি)-এর অংশীদার দেশগুলোর সঙ্গে বাংলাদেশ একযোগে কাজ করবে বলে জানিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমান।





তিনি বলেন, মহামারি, জলবায়ু পরিবর্তনের অভিঘাত, সাইবার হামলা এবং সরবরাহ ব্যবস্থার বিঘ্নসহ নতুন ধরনের হুমকি মোকাবিলায় যৌথ আগাম সতর্কীকরণ ব্যবস্থা, ঝুঁকি মূল্যায়ন এবং আঞ্চলিক সংকট মোকাবিলা কাঠামোর মতো কার্যকর উদ্যোগের মাধ্যমে বৈশ্বিক সক্ষমতা বাড়ানো সম্ভব।

শুক্রবার (২৪ জুলাই) ফিলিপাইনের রাজধানী ম্যানিলায় টিএসির ৫০ বছর পূর্তি উপলক্ষে আয়োজিত স্মারক অনুষ্ঠানে দেওয়া বক্তব্যে পররাষ্ট্রমন্ত্রী এসব কথা বলেন।

তিনি বলেন, বর্তমান বিশ্বে প্রচলিত নিরাপত্তা চ্যালেঞ্জের পাশাপাশি কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই) নির্ভর সাইবার অপরাধ, সামাজিক যোগাযোগমাধ্যমে অপতথ্য ও বিভ্রান্তিকর তথ্যের বিস্তার নতুন উদ্বেগ তৈরি করেছে। এসব মোকাবিলায় সমন্বিত আঞ্চলিক উদ্যোগ প্রয়োজন।

পররাষ্ট্রমন্ত্রী টিএসির মূলনীতিড়সার্বভৌমত্বের প্রতি সম্মান, আঞ্চলিক অখণ্ডতা রক্ষা এবং একে অপরের অভ্যন্তরীণ বিষয়ে হস্তক্ষেপ না করার নীতির গুরুত্ব তুলে ধরেন। উল্লেখ্য, পাঁচ দশক আগে স্বাক্ষরিত টিএসি চুক্তি আসিয়ান অঞ্চলে (শেষের পাতায় দেখুন)

## জামায়াত ফেরেশতাদের দল নয়, আমরাও মানুষ: শফিকুর রহমান

**স্টাফ রিপোর্টার :** বাংলাদেশ জামায়াতে ইসলামী ফেরেশতাদের দল নয় মন্তব্য করে জাতীয় সংসদের বিরোধীদলীয় নেতা ও জামায়াত আমির ডা. শফিকুর রহমান বলেছেন, জামায়াত ফেরেশতাদের দল নয়, আমরা মানুষ। আমাদেরও ভুলত্রুটি হয়। তবে আমরা পরিষ্কারভাবে বলেছি, অন্যায় আর জামায়াতে ইসলামী একসঙ্গে চলতে পারে না।

শুক্রবার (২৪ জুলাই) রাজধানীর কাকরাইল ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশনে অনুষ্ঠিত জামায়াতে ইসলামী ঢাকা জেলার রুকন সম্মেলনে অংশ নিয়ে তিনি এ কথা বলেন। বিরোধীদলীয় নেতা বলেন, তবে এর অর্থ এই নয় যে, আমরা কোনও অন্যায় করি না। আমাদের ভুল, অন্যায়, দোষ ও অপরাধও হয়। আমরা আহ্বান জানিয়েছি, যারা দেশ ও জাতিকে ভালোবাসেন, তারা আমাদের কোনও অন্যায় বা অপরাধ দেখলে তা আমাদের ধরে দিন। কথা দিচ্ছি, আমরা সংশোধন করবো। নেতাকর্মীদের উদ্দেশে জামায়াত আমির বলেন, আপনার গায়ে (শেষের পাতায় দেখুন)

## একদিনে হাম সন্দেহে পাঁচজনের মৃত্যু

**স্টাফ রিপোর্টার :** গত ২৪ ঘণ্টায় সারাদেশে হাম সন্দেহে পাঁচজনের মৃত্যু হয়েছে। শুক্রবার (২৪ জুলাই) স্বাস্থ্য অধিদপ্তরের কন্ট্রোলরুম থেকে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

এতে বলা হয়, গত ২৪ ঘণ্টায় সন্দেহজনক হামরোগীর সংখ্যা ৯৫০ জন এবং গত ১৫ মার্চ থেকে ২৪ জুলাই পর্যন্ত সন্দেহজনক হামরোগীর সংখ্যা এক লক্ষ ২২ হাজার ১৫০ জন।

গত ২৪ ঘণ্টায় নিশ্চিত হামরোগীর সংখ্যা ১৮৭ জন, গত ১৫ মার্চ থেকে ২৪ জুলাই পর্যন্ত নিশ্চিত হামরোগীর সংখ্যা ১৫ হাজার ১৯৪ জন। গত ১৫ মার্চ থেকে ২৪ জুলাই পর্যন্ত সন্দেহজনক হাম রোগে হাসপাতালে ভর্তি হয়েছেন এক লাখ চার হাজার ৭১৭ জন। একই সময়ে সুস্থ হয়ে হাসপাতাল থেকে ছাড়পত্র পেয়েছেন (শেষের পাতায় দেখুন)

# যুক্তরাষ্ট্রে সর্বনিম্ন ১০ শতাংশ শুল্ক সুবিধা পেল বাংলাদেশ

**স্টাফ রিপোর্টার :** যুক্তরাষ্ট্রের নতুন বাণিজ্যিক শুল্ক ব্যবস্থায় বাংলাদেশ সর্বনিম্ন ১০ শতাংশ শুল্কহার পেয়েছে। এর ফলে চীন, ভিয়েতনাম ও থাইল্যান্ডসহ প্রধান পোশাক রপ্তানিকারক প্রতিদ্বন্দ্বী দেশগুলোর তুলনায় মার্কিন বাজারে বাংলাদেশের প্রতিযোগিতামূলক সুবিধা আরও শক্তিশালী হবে। পররাষ্ট্র মন্ত্রণালয় গতকাল শুক্রবার এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানায়, ১৯৭৪ সালের যুক্তরাষ্ট্রের ট্রেড অ্যাক্টের ৩০১ ধারার আওতায় জোরপূর্বক শ্রম ব্যবহারের অভিযোগে তদন্ত শেষে মার্কিন বাণিজ্য প্রতিনিধির কার্যালয় (ইউএসটিআর) বিশ্বের ৮৬টি দেশের প্রতিনিধিত্বকারী ৬০টি অর্থনীতির জন্য নতুন শুল্কহার ঘোষণা করেছে।



২৩ জুলাই ঘোষিত এ সিদ্ধান্ত অনুযায়ী, আজ ওয়াশিংটন সময় রাত ১২টা ১ মিনিট থেকে ১০ থেকে ১২ দশমিক ৫ শতাংশ পর্যন্ত নতুন শুল্ক কার্যকর হয়েছে। এর মাধ্যমে ট্রেড অ্যাক্টের ১২২ ধারার আওতায় পূর্বে আরোপিত অস্থায়ী ১০ শতাংশ বৈশ্বিক শুল্কের পরিবর্তে নতুন ব্যবস্থা কার্যকর হলো।

নতুন সিদ্ধান্ত অনুযায়ী, বাংলাদেশ থেকে আমদানিকৃত পণ্যের ওপর বিদ্যমান মোস্ট ফেভার্ড নেশন (এমএফএন) শুল্কের পাশাপাশি অতিরিক্ত ১০ শতাংশ শুল্ক আরোপ করা হবে।

পররাষ্ট্র মন্ত্রণালয় জানায়, ৮৬টি দেশের মধ্যে মাত্র ১৭টি দেশ সর্বনিম্ন ১০ শতাংশ শুল্কস্তরে স্থান পেয়েছে। বাংলাদেশও এ তালিকায় থাকায় যুক্তরাষ্ট্রে তৈরি পোশাকসহ সামগ্রিক রপ্তানি বাজারে দেশের প্রতিযোগিতামূলক অবস্থান অক্ষুণ্ন থাকবে বলে আশা করা হচ্ছে।

অন্যদিকে, বাংলাদেশের প্রধান প্রতিদ্বন্দ্বী পোশাক রপ্তানিকারক দেশ চীন, ভিয়েতনাম ও থাইল্যান্ডকে সর্বোচ্চ ১২ দশমিক ৫ শতাংশ শুল্কস্তরে রাখা হয়েছে। ফলে এসব দেশের তুলনায় (শেষের পাতায় দেখুন)

## থাইল্যান্ডের উপ-পররাষ্ট্রমন্ত্রীর সঙ্গে পররাষ্ট্র উপদেষ্টার বৈঠক

**স্টাফ রিপোর্টার :** প্রধানমন্ত্রীর পররাষ্ট্রবিষয়ক উপদেষ্টা হুমায়ুন কবির শুক্রবার (২৪ জুলাই) থাইল্যান্ডের উপ-পররাষ্ট্রমন্ত্রী ভিজাভাত ইসারাভাকদির সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠকে মিলিত হন। ফিলিপাইনের ম্যানিলা থেকে সরকারি সফর শেষে ব্যাংককে যাত্রাবিরতিকালে তিনি এ বৈঠক করেন।

বাংলাদেশ ও থাইল্যান্ডের মধ্যকার দীর্ঘদিনের বন্ধুত্বপূর্ণ সম্পর্ক আরও জোরদার এবং পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট বিভিন্ন ক্ষেত্রে সহযোগিতা সম্প্রসারণে উভয় পক্ষ বৈঠকে তাদের অঙ্গীকার পুনর্ব্যক্ত করেন। বৈঠকে দ্বিপাক্ষিক সম্পর্কের সার্বিক বিষয় পর্যালোচনার পাশাপাশি বাণিজ্য ও বিনিয়োগ, শ্রমশক্তি, পর্যটন এবং জনগণের মধ্যে যোগাযোগ বাড়ানোর ক্ষেত্রে সহযোগিতা জোরদারের উপায় নিয়ে আলোচনা হয়। এ সময় প্রয়োজনীয় প্রক্রিয়া সম্পন্ন হওয়ার পর প্রায় ১০ হাজার বাংলাদেশি কর্মীর থাইল্যান্ডে কর্মসংস্থানের সম্ভাবনা নিয়েও মতবিনিময় হয়। পররাষ্ট্র উপদেষ্টা আসিয়ানের (শেষের পাতায় দেখুন)

# শোষণমুক্ত গণতান্ত্রিক বাংলাদেশই আমাদের অঙ্গীকার: মির্জা ফখরুল

**স্টাফ রিপোর্টার :** শোষণমুক্ত, বৈষম্যহীন ও গণতান্ত্রিক বাংলাদেশ গড়তে বর্তমান সরকার দৃঢ় প্রতিশ্রুতিবদ্ধ বলে জানিয়েছেন বিএনপির মহাসচিব ও স্থানীয় সরকার মন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর।



তিনি বলেন, এমন একটি রাষ্ট্র বিনির্মাণই সরকারের লক্ষ্য, যেখানে প্রতিটি নাগরিক সমান সুযোগ-সুবিধা ও উন্নত জীবনযাত্রার নিশ্চয়তা পাবেন।

শুক্রবার (২৪ জুলাই) রাজধানীর হোটেল ইন্টারকন্টিনেন্টালে অনুষ্ঠিত ‘বেঙ্গল ডেল্টা কনফারেন্স-২০২৬’ এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। মির্জা ফখরুল বলেন, বর্তমান বিশ্বজুড়েই গণতন্ত্র নানা চ্যালেঞ্জের মুখোমুখি হচ্ছে, বাংলাদেশও এর বাইরে (শেষের পাতায় দেখুন)

## ট্রাম্পের যুদ্ধবিরতির প্রস্তাব ফিরিয়ে দিল ইরান

**আন্তর্জাতিক ডেস্ক :** ইরাকের প্রধানমন্ত্রী আলী আল-জাইদির মাধ্যমে পাঠানো যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের যুদ্ধবিরতির প্রস্তাব প্রত্যাখ্যান করেছে ইরান। হরমুজ প্রণালির নিয়ন্ত্রণের প্রশ্নে কোনো সমাধান ছাড়া কেবল সাময়িক যুদ্ধবিরতিতে রাজি নয় বলে স্পষ্ট জানিয়েছে তেহরান।

শুক্রবার দ্য নিউ ইয়র্ক টাইমস ইরানি ও ইরাকি কর্মকর্তাদের বরাতে এক প্রতিবেদনে এ তথ্য জানিয়েছে।

প্রতিবেদন অনুযায়ী, সম্প্রতি হোয়াইট হাউসে প্রেসিডেন্ট ট্রাম্পের সঙ্গে বৈঠকের পর একটি উচ্চপর্যায়ের প্রতিনিধি দল নিয়ে তেহরান সফরে যান ইরাকের প্রধানমন্ত্রী আলী আল-জাইদি।

সেখানে তিনি ইরানের প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ান, জ্যেষ্ঠ সমন্বয়ক ব্রিগেডিয়ার জেনারেল মোহাম্মদ বাঘের গালিবাফ এবং পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাগচির সঙ্গে বৈঠক করেন। এ সময় তিনি ট্রাম্পের (শেষের পাতায় দেখুন)



*প্রধানমন্ত্রীর পররাষ্ট্রবিষয়ক উপদেষ্টা হুমায়ুন কবির গতকাল শুক্রবার থাইল্যান্ডের উপ-পররাষ্ট্রমন্ত্রী ভিজাভাত ইসারাভাকদির সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠক শেষে ফটোসেশনে অংশ নেন।*



Neighbour Development Foundation
NDF
(Reg. S-9479/09)
Public Media &
Human Rights Organization

# দৈনিক নেইবার
আমরা সত্য প্রকাশে বিশ্বাসী
THE DAILY NEIGHBOUR

ঢাকা শনিবার ২৫ জুলাই ২০২৬ ইং ॥ ১০ শ্রাবণ ১৪৩৩ বাংলা

আলহাজ্ব কাজী আমেনা আকবর ফাউন্ডেশন
AL-HAJ KAZI AMENA AKBAR FOUNDATION
Public Media & Human Rights Organization

## রূপপুর প্রকল্পের চুক্তি, অর্থায়ন ছাড়ের প্রক্রিয়া নিয়ে ব্যাখ্যা দিল কর্তৃপক্ষ

**স্টাফ রিপোর্টার :** পাবনার ঈশ্বরদী উপজেলায় নির্মাণাধীন রূপপুর পারমাণবিক বিদ্যুৎ প্রকল্প পরিচালনার প্রস্তুতির শেষ পর্যায়ে রয়েছে। এটি দেশের বিদ্যুৎ খাতের একটি ঐতিহাসিক মাইলফলক হলেও এর পরিকল্পনা, নকশা, অর্থায়ন, নির্মাণ, পরীক্ষা ও কমিশনিংয়ের প্রতিটি ধাপ প্রচলিত অবকাঠামো প্রকল্পের তুলনায় সম্পূর্ণ ভিন্ন। ইপিসিসি চুক্তি, অর্থায়ন কাঠামো এবং অর্থছাড়ের প্রক্রিয়া নিয়ে সাম্প্রতিক সময়ে বিভিন্ন আলোচনা ও বিভ্রান্তির পরিপ্রেক্ষিতে বিস্তারিত ব্যাখ্যা দিয়েছেন নিউক্লিয়ার পাওয়ার প্ল্যান্ট কোম্পানি (এনপিসিবিএল-NPCBL)।



*গতকাল শুক্রবার সিলেট সদর উপজেলার লাক্কাতুরা চা-বাগান এলাকায় চা-শ্রমিকদের স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে আয়োজিত দিনব্যাপী বিনামূল্যে মেডিকেল ক্যাম্প, পরিবার পরিকল্পনা ও শিশুস্বাস্থ্য সেবা কার্যক্রমের উদ্বোধন শেষে বক্তব্য রাখেন বাণিজ্যমন্ত্রী খন্দকার আব্দুল মুক্তাদির।*

# যুক্তরাষ্ট্রের শুল্কহার আগের মতোই বহাল থাকবে: বাণিজ্যমন্ত্রী

**স্টাফ রিপোর্টার :** যুক্তরাষ্ট্রের শুল্কহার আগের মতোই বহাল থাকবে জানিয়ে বাণিজ্যমন্ত্রী খন্দকার আব্দুল মুক্তাদির বলেছেন, বাংলাদেশসহ বিশ্বের ৬০টি দেশের ওপর নতুন শুল্ক আরোপের ফলে আগের অবস্থার কোনো পরিবর্তন ঘটেনি।

শুক্রবার (২৪ জুলাই) দুপুরে সিলেট সদর উপজেলার লাক্কাতুরা চা-বাগান এলাকায় চা-শ্রমিকদের স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে আয়োজিত দিনব্যাপী বিনামূল্যে মেডিকেল ক্যাম্প, পরিবার পরিকল্পনা ও শিশুস্বাস্থ্য সেবা কার্যক্রমের উদ্বোধন শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। বাণিজ্যমন্ত্রী বলেন, যুক্তরাষ্ট্রের আগের শুল্কনীতি তাদের নিজস্ব আইনানুযায়ী নির্ধারিত মেয়াদ শেষ হওয়ায় একই হারে শুল্ক অব্যাহত থাকবে। তা নতুন নামে কার্যকর হবে। যে কারণে এটিকে নতুন শুল্ক আরোপ না বলে পুরোনো শুল্কের পুনঃস্থাপন (রিপ্লেসমেন্ট) হিসেবে আখ্যায়িত করেন তিনি। খন্দকার আব্দুল মুক্তাদির বলেন, যুক্তরাষ্ট্র আগে যে শুল্ক আরোপ করেছিল, আইনি বাধ্যবাধকতার কারণে তা ১৫০ দিনের মধ্যে মেয়াদোত্তীর্ণ হয়ে যাবে।

আগের শুল্কের মেয়াদ শেষ হলেই নতুন শুল্ক কার্যকর হবে। শুক্রবার রাত ১২টার পর থেকে ভিন্ন নামে হলেও শুল্কহার আগের মতোই বহাল থাকবে।

তিনি আরও বলেন, আন্তর্জাতিক বাজারে জ্বালানি তেলের দাম বাড়লেও বর্তমানে দেশের বাজারে তেলের দাম বাড়ানোর কোনো চিন্তা সরকারের নেই।

এর আগে উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে বাণিজ্যমন্ত্রী বলেন, চা-বাগানে শিক্ষা ও স্বাস্থ্যসহ বিভিন্ন খাতে গুরুত্ব দিচ্ছে সরকার।

## সরকারের ১২ গুরুত্বপূর্ণ সংস্থা ও করপোরেশনের শীর্ষ পদে নতুন নিয়োগ

**স্টাফ রিপোর্টার :** সরকারের ১২টি গুরুত্বপূর্ণ সংস্থা, বোর্ড ও করপোরেশনের শীর্ষ পদে এক বছরের জন্য চুক্তিভিত্তিক নিয়োগ দেওয়া হয়। এর মধ্যে নির্বাচন কমিশন সচিবালয়ের অতিরিক্ত সচিব পদে একজন এবং বাকি ১১টি প্রতিষ্ঠানে গ্রেড-২ মর্যাদায় নতুন দায়িত্ব পেয়েছেন কর্মকর্তারা। গত বৃহস্পতিবার জনপ্রশাসন মন্ত্রণালয়ের চুক্তি ও বৈদেশিক নিয়োগ শাখা থেকে পৃথক ১২টি প্রজ্ঞাপনে এসব নিয়োগের কথা জানানো হয়। প্রজ্ঞাপনগুলোতে উপসচিব মো. গোলাম রব্বানী স্বাক্ষর করেছেন।

# দেশে মাদক ছড়িয়ে পড়েছে

**স্টাফ রিপোর্টার :** দেশে বিচিত্র সব মাদক নীরবে ছড়িয়ে পড়েছে। সময়ের চাহিদায় ওসব মাদকেও এসেছে পরিবর্তন। আর নতুন প্রজন্মের মাদক অনেক বেশি ব্যয়বহুল। বিগত ২০১৮ সালের পর থেকে এখন পর্যন্ত আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী এক ডজনের বেশি নতুন প্রজন্মের মাদকের সন্ধান পেয়েছে। নতুন ওই মাদকের মধ্যে রয়েছে এমডিএমএ, আইস, খাথ, এলএসডি, ফেন্টানাইল, ব্ল্যাক কোকেন, এমডিএমএ, ডিএমটি, ডিওবি, ম্যাজিক মাশরুম, কুশ, ট্যাপেন্টাডল, ট্রামাডল এবং কিটামিন প্রভৃতি। বর্তমানে রাজধানীসহ দেশের বিভিন্ন শহরে তরুণদের বড় একটি অংশের মধ্যে নতুন ওই মাদকের ব্যবহার বাড়ছে। যা জনস্বাস্থ্য ও সামাজিক নিরাপত্তার জন্য নতুন হুমকি সৃষ্টি করছে। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের (ডিএনসি) এবং আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী সংশ্লিষ্ট সূত্রে এসব তথ্য জানা যায়।

সংশ্লিষ্ট সূত্র মতে, অনেকটা নিভৃতেই নতুন প্রজন্মের মাদকগুলো দেশের অভ্যন্তরে প্রবেশ করে তৈরি করে নিয়েছে বাজারও। নতুন প্রজন্মের ওই মাদকের অন্তত ৯০ শতাংশ বেচাকেনা ও টাকা পরিশোধ করা হয় অনলাইনে। যদিও ইতিমধ্যে সরকার ডিজিটাল (অনলাইন) মাধ্যমে পরিচালিত নতুন প্রজন্মের মাদক কারবার নিয়ন্ত্রণে মাদক আইন সংস্কারের উদ্যোগ নিয়েছে। মূলত দেশে নতুন প্রজন্মের মাদক ইউরোপ, লাতিন আমেরিকা ও আফ্রিকার বিভিন্ন দেশ থেকে আসছে। মাদক কারবারিরা ওসব মাদক দেশে নিয়ে আসছে পার্সেলে কিংবা যাত্রীবেশে বহন করে। ইতিমধ্যে ওই ধরনের কয়েকজন কারবারিকে আটকও করেছে আইন-শৃঙ্খলা রক্ষা বাহিনী। সূত্র জানায়, দেশে নতুন প্রজন্মের মাদকের পাশাপাশি থেমে নেই পুরনো মাদকের বিস্তারও। বরং ওসব মাদকের বিস্তার যে আতঙ্কজনকভাবে বাড়ছে তা ইয়াবা, গাঁজা, হেরোইন, কোকেন ও ফেনসিডিল জব্দের তালিকাই বলে দিচ্ছে। গত বছর আইন-শৃঙ্খলা রক্ষা বাহিনী গড়ে প্রতি মাসে ৩৬ লাখ পিস ইয়াবা উদ্ধার হলেও চলতি বছরের প্রথম তিন মাসে গড়ে ৪০ লাখের বেশি ইয়াবা জব্দ করেছে। তাছাড়া গত বছর ১৬৬ কেজি হেরোইন উদ্ধার হলেও চলতি বছর প্রথম তিন মাসে উদ্ধার করা হয়েছে ৬১ কেজি হেরোইন। তাছাড়া গত বছর ১৪ কেজি ৬০০ গ্রাম কোকেন উদ্ধার করা হলেও চলতি বছর প্রথম তিন মাসে উদ্ধার করা হয়েছে ১৬ কেজি কোকেন।



তাতেই স্পষ্ট, দেশে বাড়ছে ইয়াবা, কোকেন, হেরোইন, গাঁজাসহ প্রচলিত মাদকের বিস্তার। আর যতো মাদক উদ্ধার হচ্ছে তার কয়েক গুণ বেশি আইনের ফাঁকফোকর এড়িয়ে চলে সেবনকারীদের কাছে যাচ্ছে। গত মার্চ মাসে মাদক বিরোধী এক অভিযানে উত্তরা ১০ নম্বর সেক্টরের একটি ফ্ল্যাটের ভেতর অস্থায়ী একটি ল্যাবরেটরি পাওয়া যায়। যেখানে তরল কিটামিনকে পাউডারে পরিণত করে ব্লুটুথ স্পিকার ও সাউন্ড ইকুইপমেন্টের ভেতরে ঢুকিয়ে বাজারজাত করা হচ্ছিল। সেখান থেকে ৬ কেজি কিটামিন, ডিজিটাল স্কেল, প্যাকেজিং মেশিন এবং ক্রিপ্টোকারেন্সি লেনদেনে ব্যবহৃত একটি পেনড্রাইভ উদ্ধার হয়। আর এভাবে রূপান্তর করে নতুন প্রজন্মের মাদক পৌঁছে দেয়া হয় মাদকসেবীদের কাছে। তবে ধনিক শ্রেণির তরুণ প্রজন্ম নতুন প্রজন্মের মাদকের বড় ভোক্তা। সূত্র আরো জানায়, মাদকপাচারকারী চক্রগুলো সীমান্তভিত্তিক কার্যক্রম ছাড়িয়ে এনক্রিপ্টেড প্ল্যাটফর্ম, ক্রিপ্টোকারেন্সি লেনদেন এবং ডার্ক ওয়েবের মতো ডিজিটাল মাধ্যম ব্যবহার করছে। সেজন্য সরকার সমপ্রতি মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ (সংশোধন) ২০২৬-এর খসড়া প্রণয়ন করেছে। তাতে অনলাইন মাধ্যমে মাদক কারবারের বিরুদ্ধে বিশেষ বিধান যুক্ত করা হয়েছে। কারণ বিদ্যমান আইনে ওই ধরনের অপরাধ মোকাবেলা করা কঠিন। তবে প্রস্তাবিত আইন অনুযায়ী তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, ইন্টারনেট, সামাজিক যোগাযোগ মাধ্যম, মোবাইল অ্যাপ, এনক্রিপ্টেড মেসেজিং কিংবা অন্য কোনো ডিজিটাল মাধ্যম ব্যবহার করে মাদক কেনাবেচা, সরবরাহ, পরিবহন বা বিতরণ করা ফৌজদারি অপরাধ। একই সঙ্গে মাদকপাচারের সঙ্গে সংশ্লিষ্ট ডিজিটাল পেমেন্ট সিস্টেম, ই-ওয়ালেট, ভার্চুয়াল সম্পদ বা ক্রিপ্টোকারেন্সির মাধ্যমে অর্থ লেনদেনও অবৈধ হিসেবে বিবেচিত হবে। মাদকের বড় অংশ সীমান্ত পথ, কুরিয়ার সেবা অথবা বিদেশ থেকে আসা সরবরাহ চেইন এবং অনলাইনভিত্তিক চক্রের মাধ্যমে দেশে প্রবেশ করছে। সমপ্রতি রাজধানীর বিভিন্ন এলাকায় নতুন প্রজন্মের মাদকের 'মিনি ল্যাব' বা ছোট কারখানার সন্ধান পাওয়া গেছে। যেখানে কিটামিনসহ কিছু সিনথেটিক মাদক প্রক্রিয়াজাত করা হচ্ছিল। বিদেশি নাগরিকদের একটি চক্রের যোগসাজশে পরিচালিত হচ্ছিল ওসব কার্যক্রম। ফলে বিদেশ থেকে দেশের ভেতরে বর্তমানে কৃত্রিম মাদক প্রবেশের পাশাপাশি সহজে তৈরিও হচ্ছে। মাদক চক্রগুলো শুরুতে বাজারজাত করতে শুরু করে নতুন প্রজন্মের মাদক আইস, তারপর এলএসডি, ম্যাজিক মাশরুম এবং পরে এমডিএমএ। এদিকে নতুন প্রজন্মের মাদকগুলো দ্রুত আসক্তি তৈরি করে। যা সবচেয়ে উদ্বেগজনক দিক। ওসব মাদক দীর্ঘমেয়াদি ক্ষতিকর প্রভাব ফেলে ব্যবহারকারীদের শারীরিক ও মানসিক স্বাস্থ্যের ওপর। সামাজিক যোগাযোগ মাধ্যম ও অনলাইন যোগাযোগ মাধ্যম ব্যবহার করে সহজ হয়েছে নতুন প্রজন্মের মাদকের বিস্তার। আইন-শৃঙ্খলা রক্ষা বাহিনী শুধু গ্রেপ্তারের সময় মামলাগুলো নথিবদ্ধ করছে। কিন্তু এনক্রিপ্টেড অ্যাপস এবং আন্তর্জাতিক পার্সেল সার্ভিসের মাধ্যমে যে সরবরাহ চেইন চলছে সেগুলো তদারকি করছে না। বর্তমানে অবৈধ মাদক ব্যবহারকারী তরুণদের মধ্যে হেরোইনের মতো প্রচলিত মাদকের চেয়ে নতুন প্রজন্মের সিনথেটিক (কৃত্রিম) মাদকের ব্যবহার তুলনামূলকভাবে বেশি। ওই মাদক দেশে প্রবেশের তিনটি প্রধান মাধ্যম চিহ্নিত করা হয়েছে। সেগুলো হলো আন্তর্জাতিক পার্সেল সার্ভিস (ইএমএস, সাধারণ কুরিয়ার), বৈধ ওষুধের সরবরাহ চেইন এবং আন্তঃসীমান্ত চোরাচালান চক্র। এ প্রসঙ্গে ডিএনসির ঢাকা বিভাগের গোয়েন্দা শাখার উপ-পরিচালক মো. মেহেদী হাসান জানান, বিগত তিন-চার বছর ধরে বেশ কিছু নতুন মাদক ধরা হয়েছে। ওসব মাদকের প্রতি উঠতি বয়সী তরুণ-তরুণীদের আগ্রহ বেশি।




## ২৪ ঘণ্টার কম সময়ে ট্রাম্প যেভাবে উল্টে দিলেন সৌদি পরমাণু চুক্তি

**আন্তর্জাতিক ডেস্ক :** ওয়াশিংটনে মার্কিন যুক্তরাষ্ট্র এবং সৌদি আরবের মধ্যে বেসামরিক পারমাণবিক চুক্তি স্বাক্ষরের এক দিন না পেরোতেই তা অনিশ্চয়তার মুখে পড়েছে। চুক্তি স্বাক্ষরের মাত্র ২৪ ঘণ্টা পার হওয়ার আগেই প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প এতে নতুন শর্ত জুড়ে দিয়েছেন।

বুধবার (২২ জুলাই) বিকেলে ডিপার্টমেন্ট অব এনার্জির ওয়াশিংটন সদর দপ্তরে দুই দশকেরও বেশি সময় ধরে চলা প্রচেষ্টার পর চুক্তিটি স্বাক্ষরিত হয়। অনুষ্ঠানে এনার্জি সেক্রেটারি ক্রিস রাইট এবং রিয়াদ থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে যুক্ত হওয়া সৌদি প্রতিনিধি উপস্থিত ছিলেন।

সৌদি আরব তাদের দীর্ঘদিনের চাহিদামতো চুক্তিটি চূড়ান্ত করতে সক্ষম হয়েছিল।

তবে চুক্তি স্বাক্ষরের পরপরই তা কার্যত ভেস্তে যেতে শুরু করে।

## বাংলাদেশ সীমান্তে নিজেদের গুলিতেই নিহত ২ বিএসএফ সদস্য

**আন্তর্জাতিক ডেস্ক :** বাংলাদেশের চাঁপাইনবাবগঞ্জ সীমান্তসংলগ্ন ভারতের পশ্চিমবঙ্গের মালদা জেলার বৈষ্ণবনগর বিএসএফ ক্যাম্পে এক জওয়ানের গুলিতে তাঁর দুই সহকর্মী নিহত হয়েছেন। এ ঘটনায় আরও একজন গুরুতর আহত হয়েছেন। বৃহস্পতিবার বিকেলে মালদার বিধাননগরে অবস্থিত বিএসএফের ১১৯ ও ৭১ নম্বর ব্যাটালিয়নের সদর দপ্তরে এ ঘটনা ঘটে। বিএসএফ সূত্র জানায়, অভিযুক্ত জওয়ানের নাম শিবম মিশ্র। তিনি ভারতের ছত্তিশগড়ের বাসিন্দা। হঠাৎ তিনি সহকর্মীদের লক্ষ্য করে গুলি চালালে ঘটনাস্থলেই দুই জওয়ান নিহত হন এবং একজন গুরুতর আহত হন।

## মাফিয়া আমলে নির্বাচিত

জানার কৌতূহল রয়েছে উল্লেখ করে স্পিকার বলেন, তিনি (রাষ্ট্রপতি) লিখিতভাবে জানিয়েছেন- তিনি গুরুতর অসুস্থ। হৃদরোগ, উচ্চ রক্তচাপ, ডায়াবেটিস ও কিডনি জটিলতায় তিনি ভুগছেন।

রাষ্ট্রপতির হৃদযন্ত্রে বাইপাস সার্জারি হয়েছে জানিয়ে স্পিকার বলেন, স্বাস্থ্য পরীক্ষায় রাষ্ট্রপতির অটোনমিক নিউরোপ্যাথি নামের রোগ শনাক্ত হয়েছে। এ রোগের কারণে মাঝে মাঝে তিনি অচেতন হয়ে পড়েন।

এসব রোগ এবং শারীরিক-মানসিক অসমর্থতার কারণে রাষ্ট্রপতির মতো গুরুত্বপূর্ণ সাংবিধানিক পদের দায়িত্ব পালন করা রাষ্ট্রপতির পক্ষে সম্ভব হচ্ছে না বলে মন্তব্য করেন স্পিকার। হাফিজ উদ্দিন আহমদ বলেন, তার (রাষ্ট্রপতির) দীর্ঘমেয়াদি চিকিৎসার প্রয়োজন। এজন্য, স্বাস্থ্যগত কারণে তিনি পদত্যাগ করেছেন এবং বাংলাদেশ জাতীয় সংসদের স্পিকার হিসেবে এ পদত্যাগপত্র একমাত্র আমি গ্রহণ করেছি।

স্পিকার আরও বলেন, যেদিন আমি স্পিকার হিসেবে শপথ নিয়েছি সেদিনই ভারপ্রাপ্ত রাষ্ট্রপতি হিসেবে শপথ নিয়েছি। কোনো কারণে স্পিকারের পদ শূন্য থাকলে স্পিকারের দায়িত্ব পালন করবেন ডেপুটি স্পিকার।

বিদায়ী রাষ্ট্রপতির মঙ্গল ও সুস্বাস্থ্য কামনা করে তিনি বলেন, আমার মনে হয় তিনি (রাষ্ট্রপতি) মাফিয়া সরকারের আমলে নির্বাচিত হলেও বর্তমানে জনগণের ভোটে যে সরকার নির্বাচিত হয়েছে তার প্রতি তিনি সমর্থন ও শ্রদ্ধা প্রকাশ করেছেন সবসময়ই।

## ৫ আগস্ট জুলাই স্মৃতি জাদুঘর

বিষয়ে মুক্তিযুদ্ধবিষয়ক প্রতিমন্ত্রী ইশরাক হোসেন বলেন, আগামী ৫ আগস্ট জুলাই স্মৃতি জাদুঘরটি উদ্বোধন করা হবে। এ বিষয়ে ইতোমধ্যে সরকারের পক্ষ থেকে ঘোষণা দেওয়া হয়েছে এবং প্রধানমন্ত্রী তারেক রহমান এটির শুভ উদ্বোধন করবেন।

আগামী ৫ আগস্টকে 'স্বৈরাচার পতন দিবস' হিসেবে সরকারিভাবে উদযাপনের কথা উল্লেখ করে তিনি বলেন, দিনটি সরকারের পক্ষ থেকে একটি সরকারি দিবস হিসেবে উদযাপিত হবে। এ উপলক্ষে আমাদের সার্বিক প্রস্তুতি নেওয়া হয়েছে। ওইদিন চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রে শহীদ পরিবারের সদস্য এবং আহতদের পরিবারের সদস্যদের নিয়ে বিশেষ অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। সেখানে প্রধানমন্ত্রী প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন।

২০২৪ সালের ৫ আগস্ট ছাত্র-জনতার পুঞ্জীভূত ক্ষোভের যে বিস্ফোরণ ঘটেছিল, সেই আন্দোলনের দগদগে স্মৃতিগুলো সযত্নে সংরক্ষণে এখন সম্পূর্ণ প্রস্তুত এই আঙিনা। এখন কেবল আনুষ্ঠানিক উদ্বোধনের অপেক্ষা।

## রাষ্ট্রপতি সাহাবুদ্দিনের পদত্যাগ

বাংলাদেশের ২২তম রাষ্ট্রপতি হিসেবে নির্বাচিত হয়ে ২০২৩ খ্রি. সনের ২৪ এপ্রিল রাষ্ট্রপতি হিসেবে শপথ গ্রহণ করি এবং অদ্যাবধি নিষ্ঠা, সততা ও সংবিধানের প্রতি পূর্ণ আনুগত্যের সঙ্গে দায়িত্ব পালন করছি। প্রসঙ্গত উল্লেখ্য যে, ২০২৪ সালের ৫ আগস্ট ছাত্র-জনতার গণ-অভ্যুত্থানের মুখে তৎকালীন সরকারের পতনের পর দেশে শাসনতান্ত্রিক ও সাংবিধানিক সংকটের সৃষ্টি হয়।

সাংবিধানিক সংকট থেকে উত্তরণের অভিপ্রায়ে সংবিধানের ১০৬ অনুচ্ছেদের ক্ষমতাবলে আমি রাষ্ট্রপতি হিসেবে বাংলাদেশ সুপ্রিম কোর্টের আপিল বিভাগের মতামত কামনা করি। অতঃপর বাংলাদেশ সুপ্রিম কোর্টের আপিল বিভাগের পরামর্শক্রমে অন্তর্বর্তীকালীন সরকার গঠন করি। অন্তর্বর্তীকালীন সরকার রাজনৈতিক দলসমূহের সঙ্গে পরামর্শক্রমে জাতীয় সংসদের সাধারণ নির্বাচন আয়োজন করে।

নিজের সুদৃঢ় ভূমিকার কারণে সাংবিধানিক বিপর্যয় ঘটেনি উল্লেখ করে তিনি লেখেন, নির্বাচনের ফলাফলের ভিত্তিতে বর্তমান সরকার গঠিত হয়ে সরকার পরিচালনা করছে। বর্তমানে সরকারি দল ও বিরোধী দল গণতান্ত্রিক চর্চার মধ্য দিয়ে জাতীয় সংসদে নিজ নিজ দায়িত্ব পালন করছে। আমার সুদৃঢ় ও ইতিবাচক ভূমিকার কারণে দেশে কোনো সাংবিধানিক বিপর্যয় ঘটেনি।

## শিখা অনির্বাণে বীর শহীদদের

ঊর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। বিজ্ঞপ্তিতে বলা হয় 'প্রধানমন্ত্রী তারেক রহমানের দিকনির্দেশনা অনুযায়ী দেশের সমুদ্রসীমা ও সুনীল অর্থনীতির সুরক্ষা নিশ্চিত করতে নৌবাহিনীকে একটি শক্তিশালী ও আধুনিক ব্লু ওয়াটার নেভি হিসেবে গড়ে তোলার পাশাপাশি নৌবাহিনীতে আধুনিক ফ্রিগেট, সাবমেরিন, অত্যাধুনিক সোনার ও রাডার সিস্টেমসহ আধুনিক প্রযুক্তি সংযোজনের মাধ্যমে দেশের সমুদ্রসীমার সার্বভৌমত্ব ও নিরাপত্তা সুসংহত করার লক্ষ্যে নৌবাহিনী প্রধান দৃঢ়ভাবে প্রতিশ্রুতিবদ্ধ।' রিয়ার অ্যাডমিরাল খোন্দকার মিজবাহ উল আজীমকে গত ১৬ জুলাই ভাইস অ্যাডমিরাল হিসেবে পদোন্নতি দিয়ে নৌবাহিনী প্রধানের দায়িত্ব দেয় সরকার। তিনি সর্বশেষ ওমানে বাংলাদেশের রাষ্ট্রদূতের দায়িত্বে ছিলেন। নৌবাহিনীর শীর্ষ পদে অ্যাডমিরাল এম নাজমুল হাসানের স্থলাভিষিক্ত হলেন। রাজশাহী ক্যাডেট কলেজের সপ্তদশ ব্যাচের ছাত্র মিজবাহ উল আজীম ১৯৮৭ সালে বাংলাদেশ নৌবাহিনীতে কমিশন পান। চাকরি জীবনে তিনি ঢাকা ও চট্টগ্রাম নৌ অঞ্চলসহ নৌবাহিনীর বিভিন্ন গুরুত্বপূর্ণ কমান্ডের নেতৃত্ব দিয়েছেন। বাংলাদেশ নেভাল একাডেমির কমান্ডেন্টের দায়িত্বও তিনি পালন করেছেন।

## বৈশ্বিক চ্যালেঞ্জ মোকাবিলায়

পারস্পরিক সম্মান ও শান্তিপূর্ণ সহাবস্থানের নীতিমালা প্রতিষ্ঠার লক্ষ্যে গৃহীত হয়। বাংলাদেশ ২০০৭ সালে টিএসিতে যোগ দেয় এবং দক্ষিণ এশিয়ার প্রথম দিকের দেশগুলোর একটি হিসেবে আসিয়ানের নীতিভিত্তিক কাঠামোর সঙ্গে আনুষ্ঠানিকভাবে যুক্ত হয়। টিএসি সম্মেলনের ফাঁকে পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমান চিলি, নেদারল্যান্ডস ও ফিলিপাইনের পররাষ্ট্রমন্ত্রী এবং কাতারের পররাষ্ট্র প্রতিমন্ত্রীর সঙ্গে পৃথক দ্বিপক্ষীয় বৈঠক করেন।

এসব বৈঠকে বাণিজ্য ও বিনিয়োগ, জ্বালানি সরবরাহ, পানিসম্পদ ব্যবস্থাপনা, বৈধ অভিবাসন এবং সার্কুলার অর্থনীতিসহ বিভিন্ন দ্বিপক্ষীয় ও আঞ্চলিক বিষয় নিয়ে আলোচনা হয়। উল্লেখ্য, পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমান বর্তমানে ৩৩তম আসিয়ান আঞ্চলিক ফোরামের (এআরএফ) পররাষ্ট্রমন্ত্রী পর্যায়ের বৈঠক এবং টিএসির ৫০ বছর পূর্তি উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে যোগ দিতে ম্যানিলা সফর করছেন।

## সরকারি প্রাথমিকের শিক্ষকদের

মধ্যে তথ্য প্রেরণের সময় নির্ধারণ করা হয়। তবে ঢাকা সিটি করপোরেশন এলাকায় বিদ্যালয় থেকে সকাল ৭টা ৫০ মিনিট, ক্লাস্টার থেকে ৮টা ১৫ মিনিট, থানা থেকে ৮টা ৪৫ মিনিট, জেলা থেকে ১০টা ১৫ মিনিট এবং বিভাগ থেকে ১১টা ১৫ মিনিটের মধ্যে তথ্য পাঠানোর সময়সূচি নির্ধারিত রয়েছে। চিঠিতে আরও উল্লেখ করা হয়, বিভাগীয় উপপরিচালকের কার্যালয় থেকে প্রতিদিন বেলা ১১টা ১৫ মিনিটের মধ্যে অধিদপ্তরে উপস্থিতির তথ্য পাঠানোর নির্দেশনা থাকলেও অনেক ক্ষেত্রে নির্ধারিত সময়সীমা মানা হচ্ছে না। ফলে শিক্ষকদের দৈনন্দিন উপস্থিতি-সংক্রান্ত মনিটরিং প্রতিবেদন যথাসময়ে ঊর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে পাঠানো সম্ভব হচ্ছে না। এ পরিস্থিতিতে বিভাগীয় কার্যালয়গুলোকে অধীনস্থ সব কার্যালয় থেকে নির্ধারিত সময়ের মধ্যে উপস্থিতির তথ্য সংগ্রহ, যাচাই ও একত্রীকরণ করে প্রতি কার্যদিবসে বেলা ১১টা ১৫ মিনিটের মধ্যে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে পাঠানো নিশ্চিত করতে পুনরায় নির্দেশ দেওয়া হয়। চিঠির অনুলিপি জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, উপজেলা ও থানা শিক্ষা অফিসার, প্রাথমিক শিক্ষা অধিদফতরের মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা এবং সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তার কাছেও পাঠানো হয়।

## বিশ্ব সংবাদমাধ্যমের আলোচনায়

সারওয়ার আলমের বরাতে জানায়, অসুস্থতা ও পর্যাপ্ত বিশ্রামের প্রয়োজনে দায়িত্ব পালনে অপারগতা জানিয়ে রাষ্ট্রপতি পদত্যাগ করছেন। তবে তিনটি গোপন সূত্রের বরাতে তারা দাবি করে, রাজনৈতিক কৌশলগত কারণেই তার ওপর সরকারের তরফ থেকে পদত্যাগের পরোক্ষ চাপ তৈরি হয়।

প্রতিবেদনে বলা হয়, এই পদত্যাগের ফলে আগামী ডিসেম্বরে দেশে ফেরার পরিকল্পনা করা শেখ হাসিনা রাষ্ট্রযন্ত্রের উচ্চপর্যায়ে তার শেষ সংবিধানসম্মত মিত্রকেও হারালেন।

মার্কিন গণমাধ্যম ব্লুমবার্গ এর প্রতিবেদনে বলা হয়, ২০২৮ সালের এপ্রিলে মেয়াদ শেষ হওয়ার কথা থাকলেও ৭৬ বছর বয়সী এই রাষ্ট্রপতির অসময়ে বিদায় বাংলাদেশে আরেকটি নতুন রাজনৈতিক অধ্যায়ের সূচনা করল। ২০২৪ সালের রাজনৈতিক পরিবর্তনের পর প্রশাসনিক ধারাবাহিকতা রক্ষার ক্ষেত্রে সাহাবুদ্দিনই ছিলেন অন্যতম প্রধান সংবিধানসম্মত পথ।

আন্তর্জাতিক সংবাদমাধ্যমগুলো বাংলাদেশের সংবিধানের সংশ্লিষ্ট বিধান উল্লেখ করে জানিয়েছে, সংবিধান অনুযায়ী রাষ্ট্রপতি স্পিকারের কাছে লিখিত পদত্যাগপত্র জমা দিলে তা কার্যকর হয়। বিদেশে চিকিৎসাধীন স্পিকার হাফিজ উদ্দিন আহমেদ দেশে ফেরার পরই আনুষ্ঠানিকভাবে পদত্যাগপত্র পৌঁছানোর প্রক্রিয়া সম্পন্ন হয়। সংবিধান অনুযায়ী পদ শূন্য হওয়ার ৯০ দিনের মধ্যে সংসদ সদস্যদের ভোটে নতুন রাষ্ট্রপতি নির্বাচিত করতে হবে। সংসদে বর্তমানে ক্ষমতাসীন দলের নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা থাকায় তাদের মনোনীত প্রার্থীই বাংলাদেশের নতুন রাষ্ট্রপ্রধান হতে যাচ্ছেন বলে ধারণা করা হচ্ছে।

## মোদী সরকারকে ২৪ ঘণ্টার

জে. পি. নাড্ডা ও কেন্দ্রীয় মন্ত্রী জিতেন্দ্র সিং। অন্যদিকে, আন্দোলনরত শিক্ষার্থীদের সংগঠন সিজেপির পক্ষে ছিলেন দলটির জাতীয় মুখপাত্র সৌরভ দাস ও আশুতোষ রাঙ্কা। বৈঠক শেষে সিজেপির জাতীয় মুখপাত্র আশুতোষ রাঙ্কা ও সৌরভ দাস জানান, তারা কেন্দ্র সরকারের সামনে লিখিতভাবে ৩টি অলঙ্ঘনীয় প্রাথমিক দাবি ও শিক্ষা ব্যবস্থা স্থায়ী সংস্কারে ৫ দফার একটি এজেন্ডা পেশ করেছেন। প্রধান ৩টি দাবি হলো:

১. কেন্দ্রীয় মন্ত্রিসভা থেকে শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধানের অবিলম্বে পদত্যাগ বা বরখাস্তকরণ।

২.নিট-ইউজি পরীক্ষার অনিয়ম ও প্রশ্নফাঁসের জেরে যেসব শিক্ষার্থী আত্মহত্যার পথ বেছে নিয়ে প্রাণ হারিয়েছেন, তাদের পরিবারকে উপযুক্ত আর্থিক ক্ষতিপূরণ দেওয়া।

৩.আন্দোলনরত শিক্ষার্থীদের বিরুদ্ধে দায়ের করা সমস্ত এফআইআর ও আইনি মামলা অবিলম্বে প্রত্যাহার করা এবং ভবিষ্যতে কারো বিরুদ্ধে নতুন মামলা না দেওয়ার সরকারি নিশ্চয়তা।

সিজেপি প্রতিনিধিরা জানান, আলোচনার সময় মোদী সরকার ২য় ও ৩য় দাবির বিষয়ে নীতিগতভাবে সম্মতি ব্যক্ত করেছে। কিন্তু আন্দোলনের মূল দাবি- ধর্মেন্দ্র প্রধানের ইস্তফার বিষয়ে চূড়ান্ত অবস্থান জানাতে কেন্দ্র শনিবার (২৫ জুলাই) দুপুর পর্যন্ত সময় চেয়ে নিয়েছে। এই আলোচনার ফলো-আপ হিসেবে শনিবার বিকেল ৩টা ৩০ মিনিটে উভয় পক্ষের মধ্যে পুনরায় বৈঠক নির্ধারিত হয়েছে। তবে সিজেপি পরিষ্কার জানিয়ে দিয়েছে যে, শিক্ষামন্ত্রীর বিদায় ছাড়া ৫ দফা স্থায়ী শিক্ষা সংস্কার নিয়ে পরবর্তী কোনো আলোচনা সম্ভব নয়। সূত্রঃ দ্য হিন্দু

## জামায়াত ফেরেশতাদের দল নয়

যদি সাদা কাপড় থাকে, তাহলে আরও বেশি যত্নশীল হতে হবে। ভেরি কেয়ারফুল! নৈতিকতার প্রশ্নে জামায়াতে ইসলামীতে কোনও ছাড় নেই।

তিনি আরও বলেন, আমরা চেষ্টা করবো সংশোধন করার। সহনীয় মাত্রার কোনও লঙ্ঘন হলে সংশোধনের মাধ্যমে তাকে আবারও দায়িত্ব দেওয়ার চেষ্টা করবো। কিন্তু সেই মাত্রা যদি গুরুতর হয়, তাহলে আমাদের কিছুই করার থাকবে না। সে ক্ষেত্রে আমাদের কঠিন সিদ্ধান্তের দিকেই যেতে হবে। সেই বার্তা আমিসহ আমাদের সবার জন্য সচেতন ও সতর্ক থাকার। সাবধান, সবাই সাবধান।

## শোষণমুক্ত গণতান্ত্রিক বাংলাদেশই

নয়। তবে আমরা একটি উদার ও বহুত্ববাদী গণতন্ত্রে বিশ্বাস করি। আমাদের মূল লক্ষ্য হলো চর্চা ও লালনের মাধ্যমে গণতন্ত্রকে সুসংহত করা এবং একটি প্রগতিশীল ও অসাম্প্রদায়িক মানবিক সমাজ গড়ে তোলা।

তিনি আরও বলেন, সরকার ইতোমধ্যে দেশের শিল্প ও কৃষি খাতের উন্নয়নে কর হ্রাসসহ বিভিন্ন শুল্ক সুবিধা প্রদান করেছে। বিশেষ করে সৃজনশীল অর্থনীতি এবং তৃণমূলের দেশজ উৎপাদনকে মূল ধারায় সম্পৃক্ত করতে নানামুখী পরিকল্পনা বাস্তবায়ন করা হচ্ছে। মির্জা ফখরুল বলেন, দেশের সংসদীয় ব্যবস্থাকে আরও শক্তিশালী করতে এবং প্রয়োজনীয় সংস্কারের লক্ষ্যে ইতোমধ্যে একটি সংসদীয় কমিটি গঠন করা হয়েছে। বিএনপির মহাসচিব বলেন, আমরা একটি 'রেইনবো নেশন' বা রংধনু জাতি গঠনে বিশ্বাসী। দেশের প্রতিটি স্তরের মানুষের অংশগ্রহণ নিশ্চিত করতে আমাদের দল থেকে এবার জাতীয় সংসদে সাঁওতাল, মারমা ও চাকমা সম্প্রদায়ের প্রতিনিধিদের মনোনয়ন দেওয়া হয়েছে।

## থাইল্যান্ডের উপ-পররাষ্ট্রমন্ত্রীর

সেক্টরাল ডায়ালগ পার্টনার হিসেবে বাংলাদেশের অন্তর্ভুক্তির লক্ষ্যে থাইল্যান্ডের অব্যাহত সমর্থন কামনা করেন। থাই উপ-পররাষ্ট্রমন্ত্রী এ বিষয়ে থাইল্যান্ডের গঠনমূলক সম্পৃক্ততা অব্যাহত থাকবে বলে আশ্বস্ত করেন।

বাংলাদেশের প্রধানমন্ত্রীর পক্ষ থেকে পররাষ্ট্র উপদেষ্টা থাইল্যান্ডের প্রধানমন্ত্রীকে পারস্পরিক সুবিধাজনক সময়ে বাংলাদেশ সফরের আমন্ত্রণ জানান।

## যুক্তরাষ্ট্রে সর্বনিম্ন ১০ শতাংশ

মার্কিন বাজারে বাংলাদেশের তুলনামূলক সুবিধা আরও বাড়বে বলে মনে করা হচ্ছে।

এদিকে, ইউএসটিআর বাংলাদেশ, কম্বোডিয়া, ইন্দোনেশিয়া ও মালয়েশিয়ার জন্য তিন বছর মেয়াদি ট্যারিফ-রেট কোটা (টিআরকিউ) চালুর বিষয়টি বিবেচনা করছে। এ ব্যবস্থা কার্যকর হলে যুক্তরাষ্ট্রের তুলা ও বস্ত্র উপকরণ ব্যবহার করে উৎপাদিত পণ্যের ক্ষেত্রে ৩০১ ধারার অতিরিক্ত শুল্ক মওকুফ করা হতে পারে।

এটি বাস্তবায়িত হলে বাংলাদেশের রপ্তানিকারকরা আরও একটি প্রতিযোগিতামূলক সুবিধা পাবেন। একই সঙ্গে যুক্তরাষ্ট্রের বস্ত্র উপকরণের ব্যবহার বৃদ্ধি এবং মার্কিন বাজারে বাংলাদেশের রপ্তানি সম্প্রসারণেও এটি ইতিবাচক ভূমিকা রাখবে।

পররাষ্ট্র মন্ত্রণালয় জানায়, আন্তর্জাতিক শ্রমমান বজায় রাখা এবং দেশের গুরুত্বপূর্ণ রপ্তানি খাতগুলোর টেকসই প্রবৃদ্ধি, নীতিমালা ও স্থিতিশীলতা নিশ্চিত করতে আন্তর্জাতিক অংশীদারদের সঙ্গে ঘনিষ্ঠ সহযোগিতা অব্যাহত রাখবে বাংলাদেশ সরকার।

## একদিনে হাম সন্দেহে পাঁচজনের

এক লাখ এক হাজার ৫৬ জন। গত ২৪ ঘণ্টায় হাম সন্দেহে পাঁচ জনের মৃত্যু হয়েছে এবং গত ১৫ মার্চ থেকে ২৪ জুলাই পর্যন্ত সন্দেহজনক হামে মোট ৭১৫ জন শিশুর মৃত্যু হয়েছে।

গত ২৪ ঘণ্টায় নিশ্চিত হামে কারও মৃত্যু হয়নি এবং গত ১৫ মার্চ থেকে ২৪ জুলাই পর্যন্ত নিশ্চিত হামে ৯৫ জনের মৃত্যু হয়েছে।

## ট্রাম্পের যুদ্ধবিরতির প্রস্তাব

পাঠানো যুদ্ধবিরতির প্রস্তাব ইরানি নেতৃত্বের কাছে তুলে ধরেন।

তবে ইরানি কর্মকর্তারা জানিয়েছেন, হরমুজ প্রণালির নিয়ন্ত্রণের বিষয়টি নিষ্পত্তি না করে কেবল একটি সাময়িক যুদ্ধবিরতির প্রস্তাব গ্রহণে তাদের সরকার আগ্রহী নয়। ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাগচি রাষ্ট্রীয় টেলিভিশনে দেওয়া বক্তব্যে বলেন, মূল সমস্যা বার্তা আদান-প্রদান নয়; বরং যুক্তরাষ্ট্রের দৃষ্টিভঙ্গিই অযৌক্তিক এবং নিয়ন্ত্রণকেন্দ্রিক। এদিকে পরিস্থিতি আরও জটিল হলে সংঘাতকে আঞ্চলিক পর্যায়ে বিস্তৃত করার প্রস্তুতি নিচ্ছে ইরান বলেও জানিয়েছেন দুই ইরানি কর্মকর্তা। তাদের দাবি, তেহরানের গুরুত্বপূর্ণ অবকাঠামোর ওপর যুক্তরাষ্ট্র হামলা চালালে পাল্টা পদক্ষেপ হিসেবে ইসরায়েলের তেল আবিবে হামলা চালানোর পরিকল্পনা রয়েছে। একই সঙ্গে ইয়েমেনের হুথি মিত্রদের মাধ্যমে লোহিত সাগরের বাব আল-মান্দাব প্রণালী বন্ধ করে দেওয়ার বিষয়টিও বিবেচনায় রয়েছে।

সম্পাদক ও প্রকাশক : কাজী জহিরুল ইসলাম (বাবুল) , নির্বাহী সম্পাদক : কাজী জাহিদুল ইসলাম (প্রিন্স), সম্পাদকীয় ও বাণিজ্যিক কার্যালয় : পল্টন চায়না টাউন, স্যুট ৯/৮, লেভেল-৯, পশ্চিম ভবন (৯ম তলা) ৬৮ নয়া পল্টন, ঢাকা-১০০০।
প্রিন্স মিডিয়া লি: কর্তৃক প্রকাশিত এবং শরীয়তপুর প্রিন্টিং প্রেস ২৮/১বি, টয়েনবি সার্কুলার রোড, মতিঝিল ঢাকা থেকে মুদ্রিত। মোবাইল-০১৭১৬-৩৬৬০৬১,০২-২২২২২৫৯৭৩ ফ্যাক্স: ০২-৪৮৩১৮১৬২ E-mail : dailyneighbour@gmail.com. www.dailyneighbour.com



## বাহরাইন ও জর্ডানে মার্কিন স্থাপনায় ড্রোন হামলা

আন্তর্জাতিক ডেস্ক:

ইরানে টানা ১৩তম দিন ধরে হামলা চালিয়ে যাচ্ছে যুক্তরাষ্ট্র। এর পাল্টা জবাবে মধ্যপ্রাচ্যে থাকা মার্কিন সামরিক স্থাপনাগুলোকে লক্ষ্যবস্তু করে হামলা চালিয়ে আসছে ইরান। এরই ধারাবাহিকতায় বাহরাইন ও জর্ডানে অবস্থিত মার্কিন স্থাপনায় ড্রোন হামলা চালিয়েছে দেশটি। গতকাল শুক্রবার কাতারভিত্তিক সংবাদমাধ্যম আল জাজিরার এক প্রতিবেদনে এ তথ্য জানানো হয়েছে। ইরানের সামরিক বাহিনী জানিয়েছে, বাহরাইন ও জর্ডানে অবস্থিত মার্কিন সামরিক স্থাপনা লক্ষ্য করে নতুন করে ড্রোন হামলা চালানো হয়েছে। ইরানের আধা-সরকারি সংবাদমাধ্যম মেহর নিউজে প্রকাশিত এক বিবৃতিতে দেশটির সেনাবাহিনী বলেছে, বাহরাইনের শেখ ইসা বিমানঘাঁটির জ্বালানি ট্যাংক, সরঞ্জাম গুদাম এবং সৈন্যদের আবাসস্থল লক্ষ্য করে ড্রোন হামলা চালানো হয়েছে। সামরিক বাহিনী আরও জানিয়েছে, জর্ডানের মুওয়াফফাক সালতি (আল-আজরাক) বিমানঘাঁটির বিমান হ্যাঙ্গার, রক্ষণাবেক্ষণ কেন্দ্র এবং আবাসন এলাকাতেও হামলা চালানো হয়েছে। তারা সতর্ক করে বলেছে, ইরানের স্বার্থের বিরুদ্ধে যেকোনো পদক্ষেপ আঞ্চলিক নিরাপত্তা ও অর্থনৈতিক স্থিতিশীলতাকে ক্ষুণ্ন করবে। এদিকে মধ্যপ্রাচ্যভিত্তিক মার্কিন সামরিক বাহিনীর সেন্ট্রাল কমান্ড (সেন্টকম) জানিয়েছে, ইরানের সামরিক কমান্ড কেন্দ্র, ড্রোন মজুতকেন্দ্র, যোগাযোগ নেটওয়ার্ক, উপকূলীয় নজরদারি কেন্দ্র এবং সামুদ্রিক সক্ষমতাকে লক্ষ্যবস্তু করা হয়েছে। বাহিনীটি জানিয়েছে, এসব হামলার উদ্দেশ্য ছিল ইরানকে জবাবদিহির আওতায় আনা

# কেন যন্তর মন্তরের কিছু বিক্ষোভকারী মুখ ঢেকে রাখছেন

সেখানে অবস্থানরত দিল্লি পুলিশের সদস্যরা আন্দোলনস্থলে স্থাপিত বিভিন্ন সিসিটিভি ক্যামেরা থেকে পাওয়া সরাসরি ভিডিও ফুটেজগুলো পর্যবেক্ষণ করছেন। এর ঠিক বিপরীতে আছে অপেক্ষাকৃত ছোট যান।

আন্তর্জাতিক ডেস্ক:

ভারতের রাজধানী নয়াদিল্লিতে চলমান ছাত্র আন্দোলনের কেন্দ্রস্থল যন্তর মন্তরের কাছে কেরালা হাউস ভবনের বাইরে দিল্লি পুলিশের দুটি অত্যাধুনিক নজরদারি ও পর্যবেক্ষণ যান মোতায়েন করা হয়েছে। এর মাধ্যমে বিক্ষোভকারীদের ওপর সার্বক্ষণিক নজর রাখা হচ্ছে। দিল্লি পুলিশের মোতায়েন করা বড় যানটির নাম 'মোবাইল কমান্ড অ্যান্ড কন্ট্রোল ভেহিকেল'। সেখানে অবস্থানরত দিল্লি পুলিশের সদস্যরা আন্দোলনস্থলে স্থাপিত বিভিন্ন সিসিটিভি ক্যামেরা থেকে পাওয়া সরাসরি ভিডিও ফুটেজগুলো পর্যবেক্ষণ করছেন। এর ঠিক বিপরীতে আছে অপেক্ষাকৃত ছোট যান। এর নাম 'ইক্ষণ'। ইক্ষণ একটি সংস্কৃত শব্দ। এর অর্থ দেখা বা পর্যবেক্ষণ করা। ইক্ষণের দায়িত্বে থাকা দুই কর্মকর্তা ফেসিয়াল রিকগনিশন সফটওয়্যার (চেহারা শনাক্তকারী সফটওয়্যার) ব্যবহার করে ভিডিও ফুটেজ বিশ্লেষণ করছেন। কৃত্রিম বুদ্ধিমত্তায় (এআই) পরিচালিত এ সফটওয়্যার প্রতিটি মুখের চারপাশে সবুজ বক্স তৈরি করে এবং সেগুলো পুলিশের তথ্যভান্ডারে থাকা অপরাধীদের তথ্য ও ছবির সঙ্গে মিলিয়ে দেখার চেষ্টা করে। ২০২৩ সালে নয়াদিল্লিতে অনুষ্ঠিত জি-২০ শীর্ষ সম্মেলনের আগে দিল্লি পুলিশ 'ইক্ষণ' যানটি তাদের বহরে যুক্ত করে। সে সময় সামাজিক যোগাযোগমাধ্যমে এটিকে 'লাইভ সিসিটিভি নজরদারি যান' হিসেবে পরিচয় করানো হয়েছিল। ভ্যানটিতে ৩৬০ ডিগ্রি কোণে নজরদারির জন্য আটটি অত্যাধুনিক ক্যামেরা রয়েছে। প্রশিক্ষিত সিসিটিভি অপারেটররা এটি পরিচালনা করেন। আন্দোলনস্থলে বিক্ষোভকারীদের ওপর লাইভ ফেসিয়াল রিকগনিশন অর্থাৎ সরাসরি চেহারা শনাক্তকরণ প্রযুক্তি ব্যবহার করা হচ্ছে বলে দিল্লি পুলিশের এক জ্যেষ্ঠ কর্মকর্তা নিশ্চিত করেছেন। তাঁর দাবি, পরিচিত কোনো অপরাধীকে শনাক্ত করাই এর উদ্দেশ্য। গণমাধ্যমের সঙ্গে কথা বলার অনুমতি না থাকায় ওই কর্মকর্তা তাঁর নাম প্রকাশ করতে রাজি হননি। তিনি বলেন, 'অপরাধীদের ছবিসংবলিত একটি বড় তথ্যভান্ডার আমাদের কাছে আছে। তাই এলাকার বিভিন্ন সিসিটিভি ক্যামেরা থেকে পাওয়া ফুটেজে চেহারা শনাক্তকরণ প্রযুক্তি ব্যবহার করে দেখা হয়, সফটওয়্যারটি আমাদের অপরাধী তথ্যভান্ডারে থাকা কারও সঙ্গে কোনো মুখের মিল খুঁজে পায় কি না।' তবে আন্দোলনে অংশ নেওয়া শিক্ষার্থীদের দাবি, পুলিশের এ অব্যাহত নজরদারি তাঁদের মধ্যে ভীতি তৈরি করছে। ভবিষ্যতে রোষানলে পড়ার আশঙ্কায় অনেকে মুখ ঢেকে বিক্ষোভে অংশ নিতে বাধ্য হচ্ছেন। ২০২৩ সালে নয়াদিল্লিতে অনুষ্ঠিত জি-২০ শীর্ষ সম্মেলনের আগে দিল্লি পুলিশ 'ইক্ষণ' যানটি তাদের বহরে যুক্ত করে। সে সময় সামাজিক যোগাযোগমাধ্যমে এটিকে 'লাইভ সিসিটিভি নজরদারি যান' হিসেবে পরিচয় করানো হয়েছিল। ভ্যানটিতে ৩৬০ ডিগ্রি কোণে নজরদারির জন্য আটটি অত্যাধুনিক ক্যামেরা রয়েছে। প্রশিক্ষিত সিসিটিভি অপারেটররা এটি পরিচালনা করেন। দিল্লিতে ইউপিএসসি পরীক্ষার প্রস্তুতি নিচ্ছেন রাজস্থানের এক শিক্ষার্থী। তিনি বলেন, 'আমি ও আমার বন্ধুরা আন্দোলনের জন্য দারুণ সব পোস্টার বানিয়েছি। কিন্তু ক্যামেরা দিয়ে সারাক্ষণ আমাদের পর্যবেক্ষণ করা হচ্ছে এবং ভিডিও ধারণ করা হচ্ছে। এ জন্য পোস্টার ধরার সময় আমাদের মুখ ঢেকে রাখতে হচ্ছে। আমরা সবাই সরকারি চাকরির প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রস্তুতি নিচ্ছি। তাই পুলিশের তথ্যভান্ডারে আমাদের পরিচয় সংরক্ষিত হওয়ার ঝুঁকি নিতে চাই না।' মুখ ঢেকে রাখা আরেক শিক্ষার্থী বলেন, 'পুলিশ যে ভিডিও ধারণ করছে, সেখানে আমার স্লোগান দেওয়া বা পোস্টার হাতে দাঁড়িয়ে থাকার দৃশ্য যদি কোনোভাবে আমার মা-বাবার কাছে পৌঁছে যায়, তাহলে কী হবে? আমি যে এখানে এসেছি, তা তাঁরা জানেন না। আমি কেন এ আন্দোলনে অংশ নিচ্ছি, সেটাই তাঁরা বোঝেন না।' দিল্লি পুলিশের আরেক জ্যেষ্ঠ কর্মকর্তা বলেন, আন্দোলনের সময় ধারণ করা ভিডিও কত দিন সংরক্ষণ করা হবে, সে বিষয়ে নির্দিষ্ট কোনো ডেটা সংরক্ষণ নীতিমালা অনুসরণ করা হচ্ছে না। এই কর্মকর্তা বলেন, 'আন্দোলনে যদি কোনো বিশৃঙ্খল ঘটনা ঘটে, তাহলে আজই বা তিন মাস পরও সেটি তদন্তের প্রয়োজন হতে পারে। তদন্ত চালাতে পুলিশের ঘটনাস্থলের ভিডিও ফুটেজ প্রয়োজন হবে, এমনকি তত দিনে আন্দোলন শেষ হয়ে গেলেও। তাই ভিডিওগুলো আমাদের সিস্টেমে কত দিন থাকবে, তা নির্দিষ্ট করে বলা কঠিন।'
পুলিশের এ অব্যাহত নজরদারি নিয়ে বিক্ষোভকারীদের উদ্বেগ আদালতেও গড়িয়েছে। জওহরলাল নেহরু বিশ্ববিদ্যালয়ের (জেএনইউ) ছাত্র সংসদের সাবেক সভাপতি আইশে ঘোষ দিল্লি হাইকোর্টে করা এক আবেদনে অভিযোগ করেছেন, দিল্লি পুলিশ বিক্ষোভকারীদের ওপর নিরবচ্ছিন্ন, নির্বিচার ও অনধিকারমূলক নজরদারি চালিয়েছে।



২০২৩ সালে নয়াদিল্লিতে অনুষ্ঠিত জি-২০ শীর্ষ সম্মেলনের আগে দিল্লি পুলিশ 'ইক্ষণ' যানটি তাদের বহরে যুক্ত করে। সে সময় সামাজিক যোগাযোগমাধ্যমে এটিকে 'লাইভ সিসিটিভি নজরদারি যান' হিসেবে পরিচয় করানো হয়েছিল। ভ্যানটিতে ৩৬০ ডিগ্রি কোণে নজরদারির জন্য আটটি অত্যাধুনিক ক্যামেরা রয়েছে।

## সরকার শিক্ষার্থীদের দেশের শত্রু হিসেবে গণ্য করছে: সোনিয়া গান্ধী

আন্তর্জাতিক ডেস্ক:

চলমান বিক্ষোভ এবং তা মোকাবিলায় সরকারের ভূমিকা নিয়ে কেন্দ্রের তীব্র সমালোচনা করেছেন কংগ্রেস সংসদীয় দলের চেয়ারপার্সন সোনিয়া গান্ধী। গতকাল শুক্রবার তিনি বলেন, মোদি সরকার বিক্ষোভকারী শিক্ষার্থীদের 'দেশের শত্রু' হিসেবে গণ্য করছে। ভারতীয় সংবাদমাধ্যম দ্য হিন্দু-তে প্রকাশিত এক নিবন্ধে সোনিয়া গান্ধী বলেন, ছাত্রছাত্রীরা জবাবদিহিতা ও শিক্ষাব্যবস্থার সংস্কারের দাবি জানিয়েছে। তিনি বলেন, 'কিন্তু মোদি সরকার তাদের



**মোদি সরকার বিক্ষোভকারী শিক্ষার্থীদের 'দেশের শত্রু' হিসেবে গণ্য করছে। ভারতীয় সংবাদমাধ্যম দ্য হিন্দু-তে প্রকাশিত এক নিবন্ধে সোনিয়া গান্ধী বলেন, ছাত্রছাত্রীরা জবাবদিহিতা ও শিক্ষাব্যবস্থার সংস্কারের দাবি জানিয়েছে**

সাহসিকতার জবাবে কাপুরুষতা ও উদ্দেশ্যহীন নিষ্ঠুরতা দেখিয়েছে। তাদের ভবিষ্যতের উত্তরাধিকারী হিসেবে নয়, বরং জাতির শত্রু হিসেবে গণ্য করেছে।' সোনিয়া গান্ধী দাবি করেন, 'কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রীর অধীনে কর্মরত' পুলিশ সদস্যদের দ্বারা ছাত্র বিক্ষোভকারীদের ওপর চালানো 'নিষ্ঠুরতা' এই সরকারের জন্য মোটেই নজিরবিহীন নয়। তিনি বলেন, '২০২০ সালে সিএএ-এনআরসি বিরোধী বিক্ষোভের সময় সশস্ত্র পুলিশ ও আধাসামরিক বাহিনী যেভাবে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসগুলোতে তাণ্ডব চালিয়েছিল, তা আমাদের সবারই স্পষ্টভাবে মনে আছে। ভারতের নারী কুস্তিগীরদের বিরুদ্ধে সংঘটিত ঘটনাগুলোও আমাদের স্মৃতি থেকে কখনোই মুছে যাবে না।' কংগ্রেসের এ নেত্রী বলেন, পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস এবং শিক্ষা ব্যবস্থার সার্বিক অবনতির প্রতিবাদে ভারতজুড়ে শিক্ষার্থীদের শান্তিপূর্ণ বিক্ষোভ সাম্প্রতিক সপ্তাহগুলোতে গতি পেয়েছে। গত ২০ জুলাইকে তিনি একটি কলঙ্কজনক দিন হিসেবে বর্ণনা করেন। তিনি বলেন, সেদিন দিল্লি পুলিশ এবং কেন্দ্রীয় সশস্ত্র পুলিশ বাহিনী (সিএপিএফ) লাঠিচার্জ ও কাঁদানে গ্যাস ব্যবহার করে শিক্ষার্থীদের সহিংসভাবে দমন করার চেষ্টা করেছিল। গান্ধী বলেন, 'অসংখ্য শান্তিপূর্ণ বিক্ষোভকারী আহত হয়েছেন। এমনকি ঘরে ফিরতে থাকা শিক্ষার্থীরাও রেহাই পাননি। কারণ, পুলিশ নির্বিচারে লাঠিচার্জ করেছে।' তিনি বলেন, 'জাতি এমন কিছু তরুণের অত্যন্ত হতাশাজনক দৃশ্য দেখেছে, যাদের শরীর পেলেটের গুলিতে ক্ষতবিক্ষত হয়েছে। এসবের ব্যবহার নিঃসন্দেহে স্বয়ং কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের অনুমোদনেই হয়েছে।' তিনি আরও বলেন, 'সেদিনের ভিডিওগুলো আমাদের স্মৃতিতে গেঁথে আছে এবং আমাদের সম্মিলিত বিবেককে নাড়া দিয়েছে। এখন উচ্চস্বরে ও স্পষ্টভাবে বলার সময় এসেছে। থামুন, এরা আমাদেরই ছেলেমেয়ে, আমাদেরই তরুণ-তরুণী।' তিনি সরকারের বিরুদ্ধে ভারতের শিক্ষাব্যবস্থাকে 'অবমূল্যায়নের' অভিযোগ এনে বলেন, দেশের ছাত্রছাত্রীরা মোদি সরকারের ভণ্ডামি ফাঁস করে দিয়েছে।




দাবানলে জ্বলছে বনের গাছপালা। ধোঁয়ায় আচ্ছন্ন হয়ে গেছে আকাশ। গতকাল ফ্রান্সের দক্ষিণপশ্চিমাঞ্চলে লে পর্জ এলাকায় -ছবি: এএফপি

## পশ্চিম তীরে অভিযান চালানোর আহ্বান ইসরায়েলের নিরাপত্তামন্ত্রীর

আন্তর্জাতিক ডেস্ক:

ইসরায়েলের উগ্র ডানপন্থী জাতীয় নিরাপত্তামন্ত্রী ইতামার বেন গভির অধিকৃত পশ্চিম তীরের ফিলিস্তিনি শহর ও গ্রামগুলোতে গাজার বেইত হানুনের মতো সামরিক অভিযান চালানোর আহ্বান জানিয়েছেন। গতকাল শুক্রবার সামাজিক যোগাযোগমাধ্যম এক্স (সাবেক টুইটার)-এ দেওয়া এক পোস্টে বেন গভির বলেন, পশ্চিম তীরে যেসব ফিলিস্তিনি ইসরায়েলিদের ওপর হামলা চালায়, তাদের শহর ও গ্রামকে গাজার বেইত হানুনের মতোই মোকাবিলা করা উচিত। তিনি আরও বলেন, এ ধরনের ঘটনায় জড়িত ফিলিস্তিনিদের এবং তাদের সমর্থকদের বাড়িঘর ধ্বংসের নির্দেশ দিতে তিনি ইসরায়েলি সেনাবাহিনীর প্রতি দাবি জানাবেন। বেন গভিরের ভাষ্য, প্রত্যেক নিহত ইহুদির বিনিময়ে শত্রুপক্ষকে জমি ও ঘরবাড়ি হারানোর মূল্য দিতে হবে। এর আগে গতকাল শুক্রবার উত্তর পশ্চিম তীরের নাবলুসের দক্ষিণ-পশ্চিমে অবস্থিত তেল শহরে ইসরায়েলি বাহিনী ও বসতি স্থাপনকারীদের অভিযানে চার ফিলিস্তিনি নিহত হন বলে জানিয়েছে ফিলিস্তিনের স্বাস্থ্য মন্ত্রণালয়।

# দাবানলে জ্বলছে স্পেন ফ্রান্স

### নিরাপদ আশ্রয়ে হাজারো মানুষ

গরমে দক্ষিণ ইউরোপের কোথাও কোথাও তাপমাত্রা ৪০ ডিগ্রি সেলসিয়াস ছাড়িয়ে যাচ্ছে।

আন্তর্জাতিক ডেস্ক:

দাবানলে জ্বলছে বনের গাছপালা। ধোঁয়ায় আচ্ছন্ন হয়ে গেছে আকাশ। গতকাল ফ্রান্সের দক্ষিণপশ্চিমাঞ্চলে লে পর্জ এলাকায় গরমে পুড়ছে ইউরোপ। এর সঙ্গে যুক্ত হয়েছে প্রবল বাতাস। এতে ইতালি, ফ্রান্স ও স্পেনের বিস্তীর্ণ অঞ্চলে দাবানল ছড়িয়ে পড়েছে। আগুন থেকে বাঁচাতে নিরাপদে সরিয়ে নেওয়া হয়েছে হাজারো মানুষকে। দাবানল নিয়ন্ত্রণ করতে গিয়ে নিহত হয়েছেন ফায়ার সার্ভিসের তিন সদস্য। গরমে দক্ষিণ ইউরোপের কোথাও কোথাও তাপমাত্রা ৪০ ডিগ্রি সেলসিয়াস ছাড়িয়ে যাচ্ছে। ইউরোপীয় স্যাটেলাইট ব্যবস্থা ইএফএফআইএসের তথ্য বলছে, ২০২৬ সালের গ্রীষ্মের অর্ধেকও শেষ হয়নি। এরই মধ্যে ইউরোপের যে পরিমাণ এলাকা দাবানলে পুড়েছে, তা গত ২০ বছরের মধ্যে দ্বিতীয় সর্বোচ্চ। কয়েক দিন ধরে দাবানলে জ্বলছে ইতালির সিসিলি দ্বীপ। সেখানে দাবানল নিয়ন্ত্রণে ফায়ার সার্ভিসের প্রায় ছয় হাজার সদস্য, বনরক্ষী ও দুর্যোগ ব্যবস্থাপনা কর্মকর্তারা কাজ করছেন। আগুন নেভাতে গিয়ে অসুস্থ হয়ে পড়ার পর একজন ফায়ার সার্ভিস সদস্য মারা গেছেন বলে জানিয়েছে ইতালি সরকার। পাশের কালাব্রিয়া অঞ্চলেও ১৬০টির বেশি দাবানল ছড়িয়ে পড়েছে। দক্ষিণ-পশ্চিম ফ্রান্সের লে পর্জ এলাকায় দাবানলের মুখে নিরাপদে আশ্রয়ে যেতে বাধ্য হয়েছেন জুলি লিওনার্দ নামের এক ব্যক্তি। তিনি বলেন, বিকেলের মাঝামাঝি সময় আকাশজুড়ে বিশাল কালো ধোঁয়ার মেঘ ছড়িয়ে পড়েছিল। বোর্দো এলাকার কাছে সমুদ্রতীরবর্তী পাইনবনে দাবানল ছড়িয়ে পড়ায় গতকাল বৃহস্পতিবার ১০ হাজারের বেশি পর্যটককে নিরাপদ জায়গায় সরিয়ে নেওয়া হয়েছে। ফরাসি কর্মকর্তারা জানিয়েছেন, গত বুধবার থেকে লে পর্জের দাবানলে ২ হাজার ৪০০ হেক্টর এলাকা পুড়ে গেছে। এখন পর্যন্ত কোনো বাড়িঘর ধ্বংস হয়নি এবং হতাহতের খবরও পাওয়া যায়নি। তবে আগের দিন মঙ্গলবার বোর্দো বিমানবন্দরের কাছে আরেকটি দাবানল নেভাতে গিয়ে ফায়ার সার্ভিসের দুই কর্মী নিহত হন। এদিকে স্পেনে রাজধানী মাদ্রিদের দক্ষিণে বড় একটি দাবানল নিয়ন্ত্রণের চেষ্টা চলছে। ফলে সেখানকার বেশির ভাগ বাসিন্দাকে বাড়ি ফিরতে দেওয়া হয়েছে বলে গতকাল দেশটির জরুরি সেবা কর্তৃপক্ষ জানিয়েছে। মাদ্রিদের উত্তরে গুয়াদালাহারা প্রদেশে আরও বড় একটি দাবানল নেভাতে ফায়ার সার্ভিসের শত শত কর্মী কাজ করছেন।

স্পোর্টস

# ভারত সিরিজে থেকে ছিটকে গেলেন মিল্টন শুম্বা



জিম্বাবুয়ের ব্যাটার মিল্টন শুম্বা ভারত সিরিজ থেকে ছিটকে গেছেন। ডান হ্যামস্ট্রিংয়ের চোটের কারণে ভারত সিরিজে খেলা হচ্ছে না মিল্টনের। বদলি হিসেবে স্কোয়াডে ডাকা হয়েছে ইনোসেন্ট কাইয়াকে। ২০২২ সালে সর্বশেষ খেলার পর সর্বশেষ বাংলাদেশ সিরিজ দিয়ে জিম্বাবুয়ে দলে ফিরেছিলেন মিল্টন শুম্বা। বাংলাদেশের বিপক্ষে টি-টোয়েন্টি সিরিজের তিনটি ম্যাচই খেলেছিলেন মিল্টন। গত মঙ্গলবার স্ক্যান করানো হয়েছে মিল্টনের। স্ক্যানের ফলের পরই বুঝা যায়, ভারত সিরিজ থেকে ছিটকে গেছেন মিল্টন শুম্বা। মিল্টনের বদলি হিসেবে ডাকা হয়েছে ইনোসেন্ট কাইয়াকে। যিনি সর্বশেষ আন্তর্জাতিক টি-টোয়েন্টি খেলেছিলেন ২ বছর আগে, ২০২৪ সালের জুলাই মাসে, হারারেতে ভারতের বিপক্ষেই। এবার ভারত সিরিজেই আবার দলে ফিরলেন ইনোসেন্ট কাইয়া।



ঘরোয়া ফুটবল

## নিষেধাজ্ঞা কাটিয়ে দলবদলের বাজারে মোহামেডান, কিংস-আবাহনীর কী হবে

ক্রীড়া প্রতিবেদক

ঘরোয়া ফুটবলের নতুন মৌসুম শুরু হতে আর এক মাসও বাকি নেই। অথচ ঢাকার ক্নাবপাড়ায় সেটির কোনো প্রতিফলন নেই। ফুটবলে প্রাকুমৌসুম প্রস্তুতি বলে যে একটা জরুরি ব্যাপার আছে, ঢাকার ক্লাবগুলোকে দেখলে তা বোঝার উপায় নেই। আবাহনী এখনো কোচই চূড়ান্ত করেনি, মোহামেডানও না। এদিকে খেলোয়াড়দের দলবদল শুরু হয়ে গেছে। ফিফার দলবদল নিষেধাজ্ঞার গেরোয় আটকে থাকায় সেখানেও দেশের ফুটবলের দুই পরাশক্তি বসুন্ধরা কিংস ও আবাহনীর দৃশ্যমান কোনো তৎপরতা নেই।

বাফুফে ঘোষিত সূচি অনুযায়ী, আগামী ২১ আগস্ট চ্যালেঞ্জ কাপ দিয়ে শুরু হবে নতুন মৌসুম। ২৫ আগস্ট শুরু ফেডারেশন কাপ, আর বাংলাদেশ ফুটবল লিগের প্রথম রাউন্ড ২৮ ও ২৯ আগস্ট। ১০ জুলাই শুরু হয়ে যাওয়া খেলোয়াড়দের দলবদল চলবে ৩ সেপ্টেম্বর পর্যন্ত।

সাবেক বিদেশি কোচ ও খেলোয়াড়দের বকেয়া পাওনা শোধ না করায় ফিফার ট্রান্সফার নিষেধাজ্ঞার মুখে পড়েছিল দেশের শীর্ষ তিন ক্লাব বসুন্ধরা কিংস, আবাহনী ও মোহামেডান। ৫৭ হাজার ডলার (৭০ লাখ টাকার কিছু বেশি) পরিশোধ করে সেই নিষেধাজ্ঞা কাটিয়েছে মোহামেডান। দলবদলের বাজারেও তাই তাদেরকেই একটু সক্রিয় দেখা যাচ্ছে। গত মৌসুমের ১৮ জন খেলোয়াড়কে রেখে দেওয়ার পাশাপাশি ক্লাবটি মোট ২৪ জন খেলোয়াড়কে নিশ্চিত করেছে। তার মধ্যে উল্লেখযোগ্য গোলকিপার সুজন হোসেন, আরিফ হোসেন, রহমত মিয়া, রহিম উদ্দিন, আমির হাকিম ও সৌরভ দেওয়ান।

মোহামেডান সূত্রের দাবি, কিংসের তিন তারকা ডিফেন্ডার সাদ উদ্দিন ও রিমন হোসেন, মিডফিল্ডার সোহেল রানা জুনিয়র, ফরোয়ার্ড ফয়সাল আহমেদ ফাহিম ও শাহরিয়ার ইমন এবার সাদাকালো জার্সি গায়ে তুলবেন। শোনা যাচ্ছিল কিংস অধিনায়ক তপু বর্মণের নামও। তবে তপু কিংসেই থাকছেন বলে খবর।

কিংসের এক কর্মকর্তা অবশ্য বলছেন, সোহেল রানা জুনিয়র ও ফাহিম কিংসেই থেকে যাবেন; আর সাদের থাকা না থাকার সম্ভাবনা ‘ফিফটি-ফিফটি’।

কিংসের খেলোয়াড়দের দলে নেওয়ার বিষয়ে মোহামেডানের পরিচালক (ক্রীড়া) মোস্তাকুর রহমান মতিঝিলের ক্লাব ভবনে বসে গতকাল প্রথম আলোকে বলেন, ‘ক্লাব অনেকের সঙ্গেই কথা বলছে। এবার চ্যাম্পিয়ন হওয়ার মতো দল গড়তে চাই আমরা। কিংসের কয়েকজনও সে তালিকায় আছে। তবে এখনো কিছু চূড়ান্ত হয়নি।’ অন্যদিকে সাদ বলেছেন, ‘মোহামেডানের সঙ্গে বেশ আগে প্রাথমিক কথা হয়েছিল। কানাডা থেকে এক দিন আগে দেশে ফেরায় এখনো সর্বশেষ কিছু জানা নেই আমার।’

আবাহনী ফিফার একটি নিষেধাজ্ঞা তুলেছে। অন্য দুটি নিষেধাজ্ঞা তোলার প্রক্রিয়া চলছে। জানা গেছে, তিনটি নিষেধাজ্ঞা তুলতে আবাহনীর খরচ হবে প্রায় আড়াই কোটি টাকা। অন্যদিকে গত মৌসুমে ট্রেবলজয়ী কিংসের বিরুদ্ধে পাওনা নিয়ে ১১টি অভিযোগ জমা পড়েছে ফিফার কাছে। এ মাসের মধ্যেই সবগুলোর সুরাহা করার চেষ্টা চলছে জানিয়ে ক্লাবের এক কর্মকর্তা বলেছেন, ১ আগস্ট কিংসের ক্যাম্প শুরু হবে।

আবাহনীমোহামেডান কবে থেকে প্রস্তুতি শুরু করবে, সেটিই এখনো চূড়ান্ত হয়নি।

বিদায়ী মৌসুমে দক্ষিণ এশিয়ার পাঁচজন ফুটবলারকে ‘স্থানীয়’ হিসেবে নিবন্ধনের সুযোগ দেওয়ায় স্থানীয় ফুটবলারদের একাদশে খেলার সুযোগ কমে গিয়েছিল। গত এপ্রিলে একদল ফুটবলার সাফ দেশ এবং বিদেশি কোটায় দুজন করে রাখার প্রস্তাব দেন। এরপর ৯ জুলাই বাফুফে আনুষ্ঠানিকভাবে জানায়, সাফ কোটা কমিয়ে সর্বোচ্চ তিনজন করা হয়েছে। বিদেশি খেলোয়াড় আগের মতোই সর্বোচ্চ চারজন নিবন্ধন করানো যাবে, খেলতে পারবেন তিনজন।



আগামী ২১ আগস্ট চ্যালেঞ্জ কাপ-২০২৬ দিয়ে শুরু হবে ঘরোয়া ফুটবলের নতুন মৌসুম। খেলোয়াড় দলবদল ১০ জুলাই থেকে ৩ সেপ্টেম্বর পর্যন্ত।

নতুন মৌসুম শুরু হতে এক মাসও বাকি নেই। তারপরও ফর্টিস এফসি ও বাংলাদেশ পুলিশ এএফসি ছাড়া আর কোনো ক্লাবই প্রাকুমৌসুম প্রস্তুতি শুরু করেনি। এই দুই ক্লাবের অবশ্য প্রস্তুতি শুরু না করে উপায় ছিল না। কারণ এশিয়ার ক্লাব ফুটবলের তৃতীয় স্তর চ্যালেঞ্জ লিগের প্লে-অফ খেলবে তারা। ১১ আগস্ট ঢাকার কিংস অ্যারেনায় ফর্টিসের প্রতিপক্ষ কিরগিজস্তানের লিগ রানার্সআপ মুরাস ইউনাইটেড আর জর্ডানের আম্মানে পুলিশের প্রতিপক্ষ সিরিয়ার লিগ চ্যাম্পিয়ন আল-ইতিহাদ আহলি ক্লাব।

এশিয়ান গেমস ক্রিকেটে

## সরাসরি নকআউটে বাংলাদেশ

খেলা ডেস্ক

আগামী সেপ্টেম্বরে অনুষ্ঠিত হতে যাওয়া ২০২৬ এশিয়ান গেমসে ছেলেদের ক্রিকেট ইভেন্টে সরাসরি নকআউট পর্বে খেলার যোগ্যতা অর্জন করেছে বাংলাদেশ, ভারত, পাকিস্তান ও শ্রীলঙ্কা। এই চার দলের সঙ্গে মূল পর্বে যোগ দিতে প্রথম রাউন্ডে লড়বে আফগানিস্তান, হংকং, জাপান, মালয়েশিয়া, নেপাল ও ওমান।

গতকাল বৃহস্পতিবার এশিয়ান গেমসের পুরুষ ও নারী ক্রিকেট ইভেন্টের গ্রুপ চূড়ান্ত করে ড্র অনুষ্ঠিত হয়। পুরুষ বিভাগে যেখানে ১০টি দল শিরোপার জন্য লড়বে, নারী বিভাগে অংশ নেবে মোট ৮টি দল।

কোয়ার্টার ফাইনাল পর্ব দিয়ে শুরু হবে মেয়েদের ক্রিকেট ইভেন্টের খেলা। যেখানে ভারতের মুখোমুখি হবে জাপান, বাংলাদেশের প্রতিপক্ষ চীন, শ্রীলঙ্কা লড়বে মালয়েশিয়ার বিরুদ্ধে এবং পাকিস্তান খেলবে থাইল্যান্ডের বিপক্ষে। মেয়েদের ক্রিকেট ইভেন্ট চলবে ১৭ থেকে ২২ সেপ্টেম্বর পর্যন্ত।

আগামী ২৪ সেপ্টেম্বর থেকে ১ অক্টোবর পর্যন্ত অনুষ্ঠিত হবে ছেলেদের ক্রিকেট ইভেন্টের খেলা। প্রথম পর্বে ‘এ’ গ্রুপে লড়বে আফগানিস্তান, জাপান ও নেপাল। ‘বি’ গ্রুপে রয়েছে হংকং, মালয়েশিয়া ও ওমান। দুই গ্রুপের শীর্ষ দুটি করে দল সরাসরি মূল পর্বে জায়গা করে নেওয়া দলগুলোর সঙ্গে নকআউটে মুখোমুখি হবে। সব ম্যাচই অনুষ্ঠিত হবে জাপানের নাগোয়ায়, টি-টোয়েন্টি সংস্করণে।

এর আগে ২০২৩ এশিয়ান গেমসে ছেলে ও মেয়েদের ক্রিকেট ইভেন্টে সোনা জিতেছিল ভারত। সেবার পুরুষ বিভাগের ফাইনালে আফগানিস্তান ১৮.২ ওভার খেলার পর বৃষ্টিতে ম্যাচ ভেস্তে যায়। র‍্যাঙ্কিংয়ে আফগানদের চেয়ে শ্রেয়তর অবস্থানে থাকায় ভারতকে স্বর্ণপদক বিজয়ী ঘোষণা করা হয়। মেয়েদের ফাইনালে শ্রীলঙ্কাকে ১৯ রানে হারিয়ে সোনার পদক জেতে ভারতীয় মেয়েরা।



## অস্ট্রেলিয়া সিরিজ থেকে ছিটকে গেলেন নাহিদ রানা

খেলা ডেস্ক

আগস্টের প্রথম সপ্তাহে অস্ট্রেলিয়া সফরে যাবে বাংলাদেশ। যেখানে নাজমুল হোসেন শান্ত’র দল দুই ম্যাচের টেস্ট সিরিজ খেলবে। এই সিরিজকে সামনে রেখে ক্রিকেট অস্ট্রেলিয়া শক্তিশালী দল ঘোষণা করলেও, কিছুটা সময় নিচ্ছে বাংলাদেশ। বেশ কয়েকজন ক্রিকেটারের চোট এর অন্যতম কারণ। চোটের কারণে আসন্ন সিরিজ থেকে ছিটকে গেছেন নাহিদ রানা। তরুণ এই গতিতারকাকে অস্ট্রেলিয়া সিরিজে না পাওয়া বাংলাদেশের জন্য বড় ধাক্কাই বটে। স্কোয়াড ঘোষণার আগে থেকেই অস্ট্রেলিয়ান গণমাধ্যমের আলোচনায় ছিলেন নাহিদ রানা। ‘দ্য সিডনি মর্নিং হেরাল্ড’ এক প্রতিবেদনে জানায়, ২৩ বছর বয়সী এই পেসারের ঘণ্টায় ১৫০ কিলোমিটারের বেশি গতির পাশাপাশি বাউন্স ও নিয়ন্ত্রিত লাইন-লেন্থ দিয়ে সবার নজর কেড়েছিলেন। জিম্বাবুয়ের বিপক্ষে টি-টোয়েন্টি সিরিজে সাইড স্ট্রেইনে চোট পাওয়ায় অস্ট্রেলিয়ার বিপক্ষে ডারউইন ও ম্যাকাইয়ের টেস্টে তার খেলা অনিশ্চিত ছিল। এবার অস্ট্রেলিয়া সিরিজে তিনি খেলতে পারবেন না বলে নিশ্চিত করেছে বিশ্বস্ত একটি সূত্র। রানার সাইড স্ট্রেইনের স্ক্যান রিপোর্টে গ্রেড টু ইনজুরি ধরা পড়েছে। যা সেরে উঠতে সময় লাগবে মাস খানেকের বেশি। এদিকে লিটন দাসের ইনজুরি থাকলেও স্ক্যান রিপোর্টে শঙ্কার কোনো কারণ নেই। অস্ট্রেলিয়া সিরিজে তার খেলা নিয়ে অনিশ্চয়তা অনেকটাই কেটে গেছে।

# ‘পরিবারকে শান্তিতে থাকতে না দিলে এক মুহূর্তও থাকব না’

খেলা ডেস্ক

ফ্রাঙ্কফুর্টে জার্মান ফুটবল ফেডারেশনের (ডিএফবি) সদর দপ্তরের সংবাদ সম্মেলন কক্ষে বসে যখন তিনি কথা বলছেন, ঠোঁটের কোণে সেই চিরচেনা ট্রেডমার্ক হাসি। কিন্তু সেই হাসির আড়ালে ইয়ুর্গেন ক্লপের যে ইস্পাতকঠিন কাঠিন্য, সেটা দেখা গেল একটু পরেই। জার্মানির নতুন কোচ হিসেবে তাঁকে পরিচয় করিয়ে দেওয়া হয়েছে একটু আগেই। নতুন দায়িত্ব নিয়ে নিজের উচ্ছ্বাসের কথা জানানোর পর ক্লপ সবাইকে দিয়ে দিলেন একটা সতর্কবার্তাও। সমালোচনা করতে গিয়ে যদি কখনো তাঁর ব্যক্তিগত জীবন টেনে আনা হয়, তাঁর পরিবারের শান্তি নষ্ট করা হয়, তাহলে সোজা ইস্তফা দিয়ে চলে যাবেন। লিভারপুলকে সম্ভাব্য প্রায় সব শিরোপা জিতিয়ে ২০২৪ সালে বিদায়ের সময় ক্লপ বলেছিলেন, ক্লাব ফুটবলে আর ফেরার ইচ্ছা নেই। তারপর ২০২৫ সালের জানুয়ারিতে যোগ দিয়েছিলেন রেড বুলের বৈশ্বিক ফুটবল প্রধান হিসেবে। আদতে সেটা ছিল একটা প্রশাসনিক ভূমিকা, একটু দূর থেকে ফুটবল দেখার কাজ। কিন্তু ফুটবল তো দূর থেকে দেখার খেলা নয়। যারা এর ভেতরে থাকে, তারা শেষ পর্যন্ত বোধ হয় মাঠেই ফিরে আসে। জার্মান ফুটবল ফেডারেশনের ডাকে ক্লপও তাই ফিরলেন। উত্তর আমেরিকার মাটিতে সদ্য সমাপ্ত বিশ্বকাপে জার্মানির যাত্রা থেমে গিয়েছিল শেষ ৩২-এ। সেই ব্যর্থতার দায় নিয়ে ইউলিয়ান নাগলসমান পদত্যাগ করলেন। ধ্বংসস্তূপের ওপর দাঁড়িয়ে ডিএফবি খুঁজছিল এমন একজনকে, যিনি জার্মানিকে নতুন প্রাণ দেবেন। প্রথম পছন্দই ছিলেন ক্লপ। ডর্টমুন্ড ও লিভারপুলের সাবেক এই কোচও ‘না’ বলতে পারেননি দেশের ডাকে। ক্লপ একা ফেরেননি, তাঁর আছেন পরিচিত ছায়ারাও। ম্যানচেস্টার সিটি ছেড়ে আসা পেপাইন লাইন্ডার্স সহকারী হিসেবে থাকছেন তাঁর পাশে। সঙ্গে লিভারপুল ও বরুসিয়া ডর্টমুন্ডের দীর্ঘদিনের বিশ্বস্ত সহচর পিটার ক্রাভিৎস এবং ডর্টমুন্ডে ক্লপের অধীনে খেলা সাবেক জার্মান তারকা সভেন বেন্ডার। আর স্পোর্টিং ডিরেক্টর হিসেবে আর্সেনালের একাডেমি ছেড়ে যোগ দিচ্ছেন পার মার্টেসাকার। ২০৩০ সালের বিশ্বকাপ পর্যন্ত ক্লপের হাতে সঁপে দেওয়া হয়েছে জার্মান ফুটবলের ভবিষ্যৎ, এর আগে তিনি পাচ্ছেন ২০২৮ ইউরোও। নতুন দায়িত্ব নিয়ে উচ্ছ্বসিত ক্লপের কথা, ‘জাতীয় দলের পর ইয়ুর্গেন ক্লপের আর কোনো ক্যারিয়ার থাকবে না। এটিই আমার কোচিং জীবনের চূড়ান্ত অধ্যায়, আমার ক্যারিয়ারের শীর্ষবিন্দু। আমি আমার সবটুকু উজাড় করে দেব।’ তারপরই দিলেন সেই সতর্কবার্তা, সমালোচকদের জন্য টেনে দিলেন একটা সীমারেখাও, ‘যেদিন আপনারা আমাকে আর চাইবেন না, আমি চলে যাব।

কোনো ক্ষতিপূরণ ছাড়াই।

ডিএফবি যদি বলে আমি ব্যর্থ, আমি চলে যাব। আপনারা আমার কাজের সমালোচনা করুন, আমি মাথা পেতে নেব। কিন্তু যদি সীমা লঙ্ঘন করেন, আমার পরিবারকে শান্তিতে থাকতে না দেন, তবে আমি এক মুহূর্তও থাকব না।’ ক্লপের অধীনে জার্মানি প্রথমবার মাঠে নামবে সেপ্টেম্বর-অক্টোবরের আন্তর্জাতিক বিরতিতে। ইতিহাসে প্রথমবার একটা আন্তর্জাতিক বিরতিতে টানা চারটি ম্যাচ খেলবে জার্মানি। ২৫ সেপ্টেম্বর নেশনস লিগে প্রতিপক্ষ নেদারল্যান্ডস। কাকতালীয়ভাবে, সেই ম্যাচে ডাচদের ডাগআউটে হয়তো দেখা যেতে পারে আর্নে স্লটকে! রোনাল্ড কোমান পদত্যাগ করার পর স্লটের সঙ্গেই কথা বলছে নেদারল্যান্ডস। লিভারপুলের দুই সাবেক কোচের মুখোমুখি লড়াই দিয়ে শুরু হতে পারে জার্মানির নতুন অধ্যায়। এরপর ২৭ সেপ্টেম্বর অগসবুর্গে প্রতিপক্ষ গ্রিস, ১ অক্টোবরে সার্বিয়া এবং ৪ অক্টোবরে ফের গ্রিসের মুখোমুখি হবে জার্মানি।

ডিএফবি যদি বলে আমি ব্যর্থ, আমি চলে যাব। আপনারা আমার কাজের সমালোচনা করুন, আমি মাথা পেতে নেব। কিন্তু যদি সীমা লঙ্ঘন করেন, আমার পরিবারকে শান্তিতে থাকতে না দেন, তবে আমি এক মুহূর্তও থাকব না।’

